


Illustrated by Jasmina El Bouamraoui and Karabo Poppy Moletsane,
CC0, via Wikimedia Commons

# সাধারণ সহায়তা আবেদনের নির্দেশিকা

এই নির্দেশিকাটি ব্যবহার করার নির্দেশাবলী**:**

1. আবেদনের পূর্বে বিভিন্ন তহবিলের যোগ্যতা এবং আমাদের সুপারিশগুলি অবশ্যই পর্যালোচনা করে নেবেন। বিস্তারিত জানতে **এখানে ক্লিক করুন**।
2. আপনার আবেদন প্রক্রিয়া সহজ করতে এই নির্দেশিকাটি লেখা হয়েছে! আমরা প্রতিটি প্রশ্নের জন্য দরকারি নির্দেশাবলী, প্রয়োজনীয় শব্দের সংজ্ঞা, এবং উদাহরণস্বরূপ কিছু উত্তর এখানে রেখেছি।
3. এই ফর্মটি যে কোনও ভাষায় পূরণ করা যাবে। আমরা এই নির্দেশিকাটি বিভিন্ন ভাষায় অনুবাদ করার কাজ করছি।
4. আবেদনপত্রটি যেহেতু অনলাইন, Fluxx-এ জমা করার আগে এটি অফলাইনে ভর্তি করে নেওয়া ভালো।
5. আপনার সাহায্যার্থে আমরা এখানে এখানে কিছু লিঙ্ক অন্তর্গত করেছি, যা ইচ্ছা করলে আপনি পড়ে দেখতে পারেন। এগুলি উইকিমিডিয়া আন্দোলন সম্পর্কে আরও জানতে এবং আপনার আবেদন লিখতে সাহায্য করতে পারে।
6. বহু বিকল্পভিত্তিক নয়, এমন প্রশ্নের ক্ষেত্রে উত্তর যতটা সম্ভব সংক্ষিপ্ত রাখার চেষ্টা করুন। এই উত্তরগুলির প্রতিটির জন্য অক্ষরসংখ্যা নির্দিষ্ট করা আছে। উদাহরণস্বরূপঃ ৫০০ অক্ষর = আনুমানিক ৬টি বাক্যের ১টি পরিচ্ছেদ। লেখবার সময় ফর্মে আপনি অক্ষরসংখ্যা দেখতে পাবেন।

    - ১**.** দয়া করে আপনার প্রস্তাবের শিরোনাম লিখুন
      আপনি লিখতে শুরু করলে নিচে অক্ষরসংখ্যা দেখতে পাবেন
      অনধিক ৫০০ অক্ষর
    - বাকি অক্ষরসংখ্যা**:** ৪৬১


7. এখানে প্রতিটি প্রশ্ন এবং উত্তরের বিকল্প Fluxx Portal-এর মত করেই দেওয়া হয়েছে। এই নির্দেশিকায় প্রশ্নগুলি সবুজ ও উত্তর ধূসর রঙে চিহ্নিত করা হয়েছে।
8. দরকারে আমরা কিছু উত্তরের বিকল্পের সংজ্ঞা যোগ করব।
9. Fluxx-এ আবেদন পত্রে বেশ কিছু প্রশ্নের পাশে (help) বোতামটি দেখতে পাবেন। উদাহরণস্বরূপ নিচের ছবিটি দেখুন। এই লিঙ্কে আপনি একটি নির্দেশিকা পাবেন যেখানে আপনার সাহায্যার্থে প্রতিটি প্রশ্ন সম্পর্কিত পরিচিতি, উদাহরণ এবং সংজ্ঞা দেওয়া আছে।





10. এই নির্দেশিকায় একটি কাল্পনিক প্রকল্প ব্যবহার করে উদাহরণস্বরূপ উত্তর দেওয়া আছে। নিচের ছবির মত গোলাপি অংশের মধ্যে সেগুলি রাখা হয়েছে। এগুলি শুধুই বোঝানোর জন্য দেওয়া উদাহরণ। দয়া করে এগুলিকেই একমাত্র উত্তর ভাববেন না।

## উইকি অ্যান্টার্কটিকা উদাহরণ

11. আবেদনপত্রে বিভিন্ন জায়গায় আপনাকে ডকুমেন্ট আপলোপড করতে হতে পারে। প্রশ্নের ঠিক নিচেই আপনি এরকম একটি ক্ষেত্র দেখতে পাবেন। এখানে যোগ চিহ্নটি টিপলে ফাইল বা গুগল ডক আপলোড করতে পারবেন।




ফাইল অথবা গুগল ডক আপলোড করতে যোগ চিহ্নটি টিপুন



বিষয় এবং প্রশ্নের সূচী:


সংক্ষিপ্ত নির্দেশাবলী

যোগ্যতার অংশ (আবশ্যিক অংশ)

A. আপনি কী হিসেবে আবেদন করছেন:

B. আবেদনকারীর সম্পূর্ণ নাম

B. আবেদনকারী সংস্থার সম্পূর্ণ নাম

C. এই আবেদন সংক্রান্ত যোগাযোগের ইমেল

D. দয়া করে দ্বিতীয় যোগাযোগকারীর তথ্য দিন (নাম এবং ইমেল)

E. উইকিমিডিয়ার কোন প্রজেক্টে কি আপনার অ্যাকাউন্ট আছে?

E1. দয়া করে প্রধান আবেদনকারীর উইকিমিডিয়া ব্যবহারকারী নাম (আবশ্যিক) এবং এই প্রকল্পের সঙ্গে জড়িত বাকিদের ব্যবহারকারী নাম লিখুন।

F. আপনি (ব্যক্তিবিশেষ) অথবা সংস্থাটি কোন দেশে অবস্থিত? দয়া করে শুধুমাত্র একটি বিকল্প বাছুন।

G. উইকিমিডিয়া ফাউন্ডেশন থেকে কি আপনি আগে কখনও অনুদান পেয়েছেন?

H. উইকি সংস্থা নয় এমন কোথাও থেকে কি আপনি আগে কখনও অনুদান পেয়েছেন?

আপনি যদি সংস্থা হিসেবে আবেদন করেন:

J. শনাক্তকরণের নথি কী কোন মেয়াদ উত্তির্ণের তারিখ আছে?

আপনি যদি ব্যক্তি হিসেবে আবেদন করেন:

আপনি যদি উইকিমিডিয়া আন্দোলনের সহযোগী হিসেবে আবেদন করেন:

আপনি যদি উইকিমিডিয়ার মতাদর্শের অলাভজনক সংস্থা হিসেবে আবেদন করেন:

অতিরিক্ত তথ্য

1. আপনার হয়ে অনুদান পরিচালনা করার জন্য কোন পৃষ্টপোষক আছে?

2. আপনি চাইলে আপনার দল অথবা সংস্থার ওয়েবসাইট বা সামাজিক মাধ্যমের অ্যাকাউন্টের কথা এখানে জানান।

3. আপনি কি আইনত নিবন্ধিত?

4. আপনার সংস্থা বা দলের লক্ষ্য কী?

অনুদানের প্রস্তাব

5. দয়া করে আপনার প্রস্তাবের শিরোনাম উল্লেখ করুন।

6. দয়া করে কাজ শুরু করার প্রস্তাবিত তারিখ উল্লেখ করুন

7. দয়া করে কাজ শেষ করার প্রস্তাবিত তারিখ উল্লেখ করুন

8. এই প্রস্তাবটি কোথায় বাস্তবায়িত হবে? দয়া করে একটি দেশ বাছুন (একটি বিকল্প)

9. এই প্রস্তাবটি স্থানীয়, আন্তর্জাতিক, না আঞ্চলিক এবং এটি একাধিক দেশকে অন্তর্ভুক্ত করে কিনা জানান?

10. আপনি কোন মুখ্য সমস্যাগুলির সমাধান করতে চাইছেন এবং আপনার প্রস্তাবিত সমাধানগুলি কী কী?

11. আপনার প্রস্তাবের মুখ্য উদ্দেশ্য কী?

12. এই উদ্দেশ্য সাধন করার জন্য আপনার প্রধান কৌশলগুলি বর্ণনা করুন। এবং এই কৌশলের অঙ্গ হিসেবে যে মুখ্য কার্যক্রম আপনি গড়ে তুলবেন তার বিবরণ দিন।

13. দয়া করে জানান উইকিমিডিয়া গোষ্টিতে সচরাচর যা করা হয়ে থাকে, নিম্নোক্ত সেই কাজগুলির কোনও একটি আপনি সম্পাদন করবেন কিনা?

14. আপনি স্বয়ং কি কোন অনুষ্ঠান বা ক্রিয়াকলাপ চালাবেন?

15. দয়া করে জানান নীচে উল্লিখিত কোন বিষয়বস্তুর তথ্যের অসমতা পূরণ করা আপনার প্রস্তাবের উদ্দেশ্য কিনা?

16. দয়া করে জানান আপনার প্রস্তাবটিতে নিম্নোক্ত কোন একটি ক্ষেত্র বা বিষয়ভিত্তিক নির্দিষ্ট লক্ষ আছে কি না।

17. আপনার কাজটিতে কি কোন প্রান্তিক ও সুবিধাহীন সম্প্রদায়ের অংশগ্রহণকারীদের লিপ্ত করার লক্ষ্য রয়েছে? প্রযোজ্য সবকটি বিভাগই নির্বাচন করুন।

18. দয়া করে আপনার নির্ধারিত অংশগ্রহণকারীদের সম্পর্কে আমাদের আরও বিষদে বলুন।

19. আপনার প্রস্তাবটি বাস্তবায়িত করবার জন্য আপনার দেশের, বা অন্য কোন দেশের, কোন উইকিমিডিয়া সম্প্রদায়, দল বা শাখার সঙ্গে কাজ করবার কোন পরিকল্পনা আছে কি?

20. দয়া করে আপনার এই অনলাইন ও অফলাইন পরিচিতদের কথা, এবং আপনার এই প্রস্তাব কীভাবে উইকিমিডিয়া সম্প্রদায়গুলিকে জানিয়েছেন, তা আমাদের বলুন।

21. আপনি কি এই প্রস্তাবটি কার্যকরি করার জন্য অন্য বাহ্যিক, উইকিমিডিয়ান নন, এমন সহকর্মীর সঙ্গে কাজ করবেন?

22. অনুদান পরবর্তী সময়ে প্রস্তাবিত কাজ কীভাবে বিস্তৃত করবেন বা বজায় রাখবেন?

23. এই প্রস্তাবটি বাস্তবায়িত করবার জন্য প্রয়োজনীয় লোকবল কি আপনার আছে?

24.আপনার প্রস্তাব উইকিমিডিয়ার মুভমেন্ট স্ট্র্যাটেজি ২০৩০/আন্দোলন কৌশল ২০৩০-এর সুপারিশগুলির প্রেক্ষিতে কীভাবে অবদান রাখবে বলে আপনি মন করেন?

25. দয়া করে জানান আপনার সংস্থা বা দলের কোন কৌশলগত পরিকল্পনা আছে কিনা, যা আপনার প্রস্তাবটি বুঝতে আমাদের আরও বেশি সাহায্য করবে।

শেখা, ভাগ করে নেওয়া, এবং মূল্যায়ন

26. এই অনুদান প্রস্তাবে আপনার কাজ থেকে আপনি কী শিখবেন বলে আশা রাখেন?

27. মূল পরিমাপ

Table 1: Guide to content type per Wikimedia project

Table 2: Guide to core metrics and recommend tools

28. অতিরিক্ত পরিমাপ

Table 3: Guide to additional metrics and possible tools

29. আপনার কাজের প্রভাব সম্পর্কে জানতে আর কোন কোন তথ্য আপনি সংগ্রহ করবেন?

30. প্রতিটি নির্বাচিত পরিমাপ মাপার জন্য আপনি কোন টুল/সরঞ্জামগুলি ব্যবহার করবেন?

31. অন্যদের সঙ্গে এই ফলাফলগুলি আপনি কীভাবে ব্যবহার করতে চান যাতে তাঁরাও এর থেকে শিক্ষা নিতে পারেন?

আর্থিক প্রস্তাব

32. উইকিমিডিয়া ফাউন্ডেশন-কে আপনার অনুরোধ করা অনুদানের পরিমাণ কত?

32a. মার্কিন মুদ্রায় আপনার অনুরোধ করা অনুদানের পরিমাণ কত হতে পারে (আপনার হিসেব অনুযায়ী সবচেয়ে কাছাকাছি)?

33. মুদ্রার ধরণ (স্থানীয়) বাছুন

34. আপনি কি একাধিক বছরের অনুদানের জন্য আবেদন করতে চান?

34a. যদি আপনি হিসাব করে থাকেন, দয়া করে দ্বিতীয় অথবা তৃতীয় বছরের আনুমানিক অঙ্কটি জানান।

35. দয়া করে এই প্রস্তাবের জন্য আপনার আয়ব্যয়ক/বাজেট জানান।

36. দয়া করে যে পরিমাণ অনুদানের আবেদন করেছেন, তার আয়ব্যয়ক/বাজেট আপলোড করুন।

37. অনুদানের সুষ্ঠ পরিচালনা নিশ্চিত করতে আপনি কী করবেন?

38. ইউসিওসি(UCOC) এবং বন্ধুত্বপূর্ণ পরিবেশ নীতিমালা ব্যবহার করে অংশগ্রহণকারীদের জন্য একটি সহায়ক পরিবেশ সৃষ্টিতে আপনার অবদান কী হবে?

39. আপনার প্রস্তাবটি আরও ভালো এবং বিস্তারিতভাবে বোঝানোর জন্য কোন নথি যদি আপনার গুরুত্বপূর্ণ মনে হয়, তা হলে এই স্থানে তা আপলোড করতে পারেন।

40. আমি আমার ব্যাঙ্ক সংক্রান্ত তথ্য পর্যালোচলা বা যুক্ত করেছি।

41. আমি উইকিমিডিয়া ফাউন্ডেশনের বন্ধুত্বপূর্ণ পরিবেশের নীতিমালা এবং সর্বজনিন আচরণবিধি পড়েছি।

## সংক্ষিপ্ত নির্দেশাবলী

আপনার আবেদনের প্রতিটি ধাপে সাহায্যার্থে আমরা সব প্রশ্নের বিশ্লেষণ এবং কিছু সহজ উদাহরণ দিয়ে এই নির্দেশিকাটি তৈরী করেছি। আশা করি আপনার যে কোন সংশয়ের উত্তরই এতে পাওয়া সম্ভব হবে, অন্যথায় নির্দ্বিধায় আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

কোন প্রকার সহায়তার প্রয়োজনে অথবা কিছু প্রশ্ন থাকলে দয়া আমাদের জানান এই ইমেলেঃ communityresources@wikimedia.org অথবা আপনার আঞ্চলিক প্রোগ্রাম অফিসারকে।

এই আবেদনপত্রটি যে কোন ভাষায় পূরণ করা যাবে

ভূমিকা**: (**ফর্মে যেমন দেখা গেছে**)**

আমাদের আবেদনপত্রে আপনাকে স্বাগত। এটি ভর্তি করার আগে যে লক্ষ্য এবং মূল্য উইকিমিডিয়া আন্দোলনকে সংজ্ঞায়িত করে, সে বিষয়ে ভেবে দেখুন।
আমাদের স্বপ্ন এমন এক পৃথিবী যেখানে প্রত্যেক ব্যক্তি যেন স্বাধীনভাবে জগতের সমগ্র জ্ঞানভান্ডারে নিজের অবদান রাখতে পারেন। আমরা বিশ্বাস করি যে সকলের নাগালের মধ্যে থাকা আমাদের এই জ্ঞানভান্ডারে কিছু না কিছু অবদান রাখার ক্ষমতা প্রত্যেকের মধ্যে আছে। এবং সবাই এই জ্ঞানভান্ডারকে যেন নির্দ্বিধায়, বিনা বাধায় ব্যবহার করতে পারেন।

আমরা বিশ্বাস করি আমাদের অবদানকারী সম্প্রদায়গুলি হবে যত সম্ভব বিবিধ, সর্বব্যাপী এবং অবারিত। আমরা চাই যারা যোগদান করছেন (এবং যারা ভবিষ্যতে যোগদান করতে চান), তাঁদের সবার জন্য এই সম্প্রদায়গুলি হোক ইতিবাচক, নিরাপদ ও নিগ্রহ এবং কুসংস্কারমুক্ত এক সুস্থ পরিবেশের স্থান। সময় নিয়ে আমাদের বন্ধুত্বপূর্ণ পরিবেশ নীতি এবং and সর্বজনীন আচরণবিধি পড়ে দেখতে অনুরোধ করা হচ্ছে। এখানে প্রত্যাশিত এবং অগ্রহণযোগ্য ব্যবহারের ন্যূনতম কিছু নির্দেশিকা দেওয়া আছে। আপনার যদি এ বিষয়ে কোনও প্রশ্ন, উদ্বেগ বা আগ্রহ থাকে, আমরা তা নিয়ে আপনার সঙ্গে একত্রে সেই সমস্যার সমাধান করতে ইচ্ছুক।

উইকিমিডিয়া কম্যুনিটি তহবিলের অন্তর্গত সাধারণ সহায়তা তহবিলে আবেদনের আগ্রহের জন্য আপনাকে ধন্যবাদ। প্রথমে আমরা আপনার সম্পর্কে কিছু জানতে চাই।

# যোগ্যতার অংশ (আবশ্যিক অংশ)

দরকারি অনুস্মারক**!** এই আবেদনপত্রটি স্বয়ং-সংরক্ষিত হয় না। অতএব, দয়া করে মাঝে মাঝে সংরক্ষণ করুন। যদি আপনার ইন্টারনেট পরিষেবা সন্তোষজনক না হয়, আমরা উত্তরগুলি অফলাইনে লিখে নিয়ে, তারপর আবেদনপত্রটি ভরার পরামর্শ দেব।

এই প্রশ্নের উত্তর লেখার পূর্বে দয়া করে অনুদান পাঠানোর জন্য আমাদের কী কী নথি দরকার এবং যোগ্যতার সাধারণ শর্তগুলি দেখে নেবেন।

## **A.** আপনি কী হিসেবে আবেদন করছেন**:**

বিকল্প
- ব্যক্তিবিশেষ এই বিকল্পটি ব্যক্তিবিশেষের জন্য যাঁরা কোন সংস্থা বা গোষ্ঠীর প্রতিনিধিরূপে আবেদন করছেন না।
- ব্যক্তিবিশেষের এক গোষ্ঠী যা কোন সংস্থার অন্তর্ভুক্ত নয় এই বিকল্পটি ব্যক্তিবিশেষের এক গোষ্ঠীর জন্য যাঁরা উইকিমিডিয়া ফাউন্ডেশনের সহযোগী সংস্থা নয়, কিন্তু একসাথে প্রকল্প বা উদ্যোগ চালাচ্ছে এবং একসাথে আবেদনে কাজ করতে চায়।
- উইকিমিডিয়ার মতাদর্শের অলাভজনক সংস্থা এই বিকল্পটি সেই সকল সংস্থার জন্য যাঁদের প্রধান উদ্দেশ্য উইকিমিডিয়ার প্রকল্প এবং আন্দোলনে অবদান রাখা।
- উইকিমিডিয়ার অধিভুক্ত শাখা [চ্যাপ্টার, থিমাটিক অর্গানাইজেশন বা ইউজার গ্রুপ এই বিকল্পটি উইকিমিডিয়া আন্দোল্নের সহযোগী সংস্থাগুলির জন্য, যাঁরা নিম্নোক্ত কোন একটি ভাগে পড়েন। উইকিমিডিয়া সহযোগী সংস্থাগুলি সম্পর্কে আরো জানতে এখানে ক্লিক করুন।

  - চ্যাপ্টার বা অধ্যায়সমূহ: একটি নির্দিষ্ট ভৌগলিক অঞ্চলে (দেশ) উইকিমিডিয়ার প্রকল্প সমর্থন ও প্রচারের উদ্দেশে স্থাপিত স্বশাসিত সংস্থা।
  - ইউজার গ্রুপ বা উইকিমিডিয়া ব্যবহারকারী দল: সহজ এবং নমনীয় সহযোগী
  - থীমাটিক গ্রুপ বা বিষয়ভিত্তিক সংগঠন: একটি নির্দিষ্ট বিষয়ের উইকিমিডিয়ার প্রকল্প সমর্থন ও প্রচারের উদ্দেশে স্থাপিত স্বশাসিত অলাভজনক সংস্থা।

আপনি যদি একজন ব্যক্তি হিসেবে আবেদন করেন দয়া করে নিচের চৌকো বাক্সটিতে টিক দিন ব্যক্তিবিশেষের তথ্য প্রদানের জন্য।

আপনি যদি ব্যক্তিবিশেষের এক গোষ্ঠী হন, দয়া করে গোষ্ঠীর নাম উল্লেখ করুন । অন্য কোন রকমের সংস্থা হলে চৌকো বাক্সটিতে টিক দেবেন না।

## **B.** আবেদনকারীর সম্পূর্ণ নাম

☑ B. Full name of the individual presenting the proposal

অথবা

## **B.** আবেদনকারী সংস্থার সম্পূর্ণ নাম

(এবং যদি কোন গোষ্ঠির হয়ে আবেদন করেন, তাহলে ব্যক্তিবিশেষের সেই গোষ্ঠীর নাম)

☐ B. Full name of the individual presenting the proposal

B. Full name of organization presenting the proposal: X¥Z Test Org

মূখ্য কার্যালয়/শাখা: দয়া করে আপনাদের মূখ্য কার্যালয়ের ঠিকানা লিখুন।

প্রধান যোগাযোগকারী: দয়া করে আবেদনকারী ব্যক্তির পুরো নাম লিখুন।

প্রধান সাক্ষরকারী: আবেদন মঞ্জুর হলে যাঁরা উইকিমিডিয়া ফাউন্ডেশনের সঙ্গে চুক্তিতে সাক্ষর করবেন তাঁদের পুরো নাম লিখুন।

দ্বিতীয় যোগাযোগকারী: দয়া করে সংস্থা অথবা ব্যক্তিবিশেষের গোষ্ঠীর দ্বিতীয় যোগাযোগকারীর পুরো নাম লিখুন।

দ্বিতীয় সাক্ষরকারী: যদি আপনার গোষ্ঠী আইনত নিবন্ধিত সংস্থা না হয়, এই ব্যক্তি সাধারণ সহায়তা তহবিলের সহ-সাক্ষরকারী হিসেবে কাজ করবেন। ব্যক্তিগত আবেদনকারী ১৮ বছরের কম বয়সী না হলে সহ-স্বাক্ষরকারীর প্রয়োজন হয় না। ১৮ বছরের কম হলে তাদের একটি বয়স্ক আর্থিক সহ-স্বাক্ষরকারী থাকা উচিত। সহ-স্বাক্ষরকারী সাধারণত একটি নির্দিষ্ট সহযোগী/গোষ্ঠীর দ্বিতীয় প্রতিনিধি যিনি আবেদনের চুক্তিতে সহ-সাক্ষরকারী হিসেবে থাকবেন। ব্যাঙ্কের অ্যাকাউন্ট যৌথ হলে অথবা অনুদান অন্য অ্যাকাউন্টে পাঠাতে গেলেও সহ-সাক্ষরকারীর প্রয়োজন হয়।

## C. এই আবেদন সংক্রান্ত যোগাযোগের ইমেল

এই প্রস্তাব সম্পর্কিত যোগাযোগের জন্য ইমেল দিন। যদি আপনি চান একাধিক ইমেলেও একই মেল পাঠাতে, তাহলে সেই ইমেল আইডিগুলোও এখানে লিখুন।

acaceres@gmail.com
দয়া করে cc করুন
WikiAntartica@gmail.com

## D. দয়া করে দ্বিতীয় যোগাযোগকারীর তথ্য দিন (নাম এবং ইমেল)।

এই প্রস্তাবের জন্য যদি কোন সহ-সাক্ষরকারীর প্রয়োজন হয়, সেক্ষত্রে দয়া করে এই যোগাযোগের তথ্য দিন
দয়া করে দ্বিতীয় যোগাযোগকারী বা সহ-সাক্ষরকারীর যোগাযোগের তথ্য দিন, যদি এই প্রস্তাবে তাঁদের প্রয়োজন হয়।

পেড্রো রড্রিগেজ: prodirguez@hotmail.com.
WikiAntarctica-এর কোষাধ্যক্ষ এবং
WikiAntarctica-এর সহ-সাক্ষরকারী।

## E. উইকিমিডিয়ার কোন প্রজেক্টে কি আপনার অ্যাকাউন্ট আছে?

একটি বিকল্প বাছুন।
হ্যাঁ
না

ব্যবহারকারী নাম দিয়ে সবকটি উইকিমিডিয়া প্রকল্পে লগইন করা যায়। বিশদে জানতে এখানে ক্লিক করুন. আবেদন করার জন্য বাধ্যতামূলক না হলেও ব্যবহারকারী নাম নিবন্ধন করা বাঞ্ছনীয়। উইকিমিডিয়া প্রকল্পগুলির সাথে পরিচিত হওয়ার জন্য এখানে অ্যাকাউন্ট থাকা সুবিধাজনক।

উইকিমিডিয়া প্রকল্প কী? প্রধান প্রকল্পগুলির সংক্ষিপ্ত বর্ণনা এখানে দেওয়া হল।
আরো জানতে এখানে ক্লিক করুন।

বিষয়বস্তু ভিত্তিক:

- উইকিপিডিয়া: একটি অনলাইন বিশ্বকোষ (২০০১ সালে চালু হয়) বিষয়বস্তুর সংজ্ঞা: নিবন্ধ সৃষ্টি বা মানোন্নয়ন।
- উইকিমিডিয়া কমন্স: ছবি, ভিডিয়ো, সাউন্ড ইত্যাদি মিডিয়ার সংগ্রহস্থল (২০০৪ সালে চালু হয়). ফাইল আপলোড
- উইকিউপাত্ত: জ্ঞান কোষ (২০১২ সালে চালু হয়)
- উইকিসংকলন: মুক্ত অনলাইন পাঠাগার। পাতা সৃষ্টি বা মানোন্নয়ন
- উইকিঅভিধান: অনলাইন অভিধান এবং সমার্থশব্দকোষ (২০০২ সালে চালু হয়). শব্দের অন্তর্ভুক্তি বা মানোন্নয়ন
- উইকিউক্তি: উক্তির সংগ্রহ (২০০৩ সালে চালু হয়). পাতা সৃষ্টি বা মানোন্নয়ন
- উইকিভ্রমণ: ভ্রমণ বিষয়ক নির্দেশিকা (২০০৩ সালে চালু হয়). নিবন্ধ সৃষ্টি বা মানোন্নয়ন
- উইকিপ্রজাতি: প্রজাতির শ্রেনীবিন্যাসের সূচী (২০০৪ সালে চালু হয়). পাতা সৃষ্টি বা মানোন্নয়ন
- উইকিবিশ্ববিদ্যালয়: টিউটোরিয়াল এবং পাঠ্যধারার একটি সংগ্রহ। এটি গবেষনামূলক কাজের ধারক হিসেবেও কাজ করে। (২০০৬ সালে চালু হয়). পাতা সৃষ্টি বা মানোন্নয়ন
- উইকিসংবাদ: মুক্ত বিষয়বস্তুর আলোকে পরিচালিত সংবাদ। নিবন্ধ সৃষ্টি বা মানোন্নয়ন

- উইকিবই: বিনামূল্যের পাঠ্যবই এবং ম্যানুয়াল।

পরিকাঠামো এবং সমন্বয়:

- মেটা-উইকি: উইকিমিডিয়া সম্প্রদায় এবং তার সকল প্রকল্পের সমন্বয়ের কেন্দ্রীয় সাইট
- মিডিয়াউইকি: মিডিয়াউইকি সফটওয়্যারের কাজের সমন্বয়ে সাহায্য করে
- উইকিমিডিয়া ইনকিউবেটর: বিভিন্ন ভাষায় যেই প্রকল্পগুলি শুরু হয়েছে, সেগুলির প্রাথমিক কাজের জন্য। বিষয়বস্তু সৃষ্টি বা মানোন্নয়ন
- উইকিটেক: প্রযুক্তিগত প্রকল্প এবং পরিকাঠামো

## **E1.** দয়া করে প্রধান আবেদনকারীর উইকিমিডিয়া ব্যবহারকারী নাম **(**আবশ্যিক**)** এবং এই প্রকল্পের সঙ্গে জড়িত বাকিদের ব্যবহারকারী নাম লিখুন।

আপনি যদি E প্রশ্নে হ্যাঁ লিখে থাকেন (অর্থাৎ যেই ব্যক্তি বা সংস্থা আবেদন করছেন তার উইকিমিডিয়া ব্যবহারকারী নাম আছে), তাহলে দয়া করে প্রকল্পে জড়িত লোকেদের ব্যবহারকারী নাম উল্লেখ করুন। প্রকল্পে জড়িত সবার ব্যবহারকারী নাম লেখা বাধ্যতামূলক না হলেও আমরা সবার নাম, ব্যবহারকারী নাম, এবং প্রকল্পে তার ভূমিকা কী, লিখতে উপদেশ দেব। এতে আপনার সঙ্গে একসাথে আপনার অভিজ্ঞতা এবং আপনার দলের ক্ষমতা নির্ধারণ করতে আমাদের সুবিধা হবে। দয়া করে খেয়াল করবেন প্রস্তাব অনুমোদনের জন্য ব্যবহারকারী নাম থাকা বাধ্যতামূলক নয়। আপনার উত্তর না হলে, এগুলি আপনাকে দিতে হবে না।

## **F.** আপনি **(**ব্যক্তিবিশেষ**)** অথবা সংস্থাটি কোন দেশে অবস্থিত**?** দয়া করে শুধুমাত্র একটি বিকল্প বাছুন।

দেশের তালিকা (অনুবাদের দরকার পড়লেঃ এখানে তালিকা আছে)

দয়া করে এই তালিকাটি ব্যবহার করে আবেদনকারী স্বয়ং যেই দেশে আছেন অথবা যেই দেশে নিবন্ধিত (ব্যক্তি অথবা সংস্থা হিসেবে) সেই দেশটি বাছুন। যদি আবেদনকারী স্বয়ং যেই দেশে আছেন এবং নিবন্ধিত দেশ আলাদা হয়, আপনি তা বক্তব্যের জন্য রাখা অন্তিম ক্ষেত্রে জানাতে পারেন।

## **G.** উইকিমিডিয়া ফাউন্ডেশন থেকে কি আপনি আগে কখনও অনুদান পেয়েছেন**?**

আগে আবেদন করেও অনুদান পাননি
আগে আবেদন করেছেন এবং অনুদান পেয়েছেন
আগে আবেদন করেননি

উইকিমিডিয়া ফাউন্ডেশনের অনুদান প্রকল্পের মাধ্যমে আপনি আগে কোন রকম সাহায্য পেয়েছেন কি না জানান। এই অনুদানগুলি উইকিমিডিয়া ফাউন্ডেশন দ্বারা দেওয়া হয়, যার পূর্বে নাম ছিল কনফারেন্স অনুদান বা Conference Grants, দ্রুত অনুদান বা Rapid Grants, প্রকল্প অনুদান বা Project Grants, এবং বার্ষিক পরিকল্পনা অনুদান বা Annual Plan Grants, অথবা সহজ বার্ষিক পরিকল্পনা অনুদান বা Simple Annual Plan Grants. পূর্ববর্তী অনুদান প্রকল্প যা ২০১৬ থেকে ২০২১ জুন অবধি চলেছিল, তা সম্পর্কে জানতে এখানে ক্লিক করুন ২০১৬-এর আগেরগুলির জন্য এখানে দেখুন ব্যক্তিগত অনুদান বা Individual Engagement Grants (IEG) অথবা প্রকল্প এবং কার্যকলাপের অনুদান বা Project and Event Grants (PEG), উইকিম্যানিয়া বৃত্তি বা Wikimania Scholarship (TPS). দয়া করে খেয়াল রাখবেন আগে অনুদান পেয়েছেন কিনা তার উপর এই প্রস্তাবটির অনুমোদন নির্ভর করবে না।

## **H.** উইকি সংস্থা নয় এমন কোথাও থেকে কি আপনি আগে কখনও অনুদান পেয়েছেন**?**

দয়া করে, আপনি অন্য কোনও সংস্থা থেকে আগে কোন অনুদান পেয়েছেন কিনা জানান। এর দ্বারা আপনার কাজ এবং অংশিদারী সম্পর্কে আমরা আরও জানতে পারব। যদিও, এর উপর আপনার আবেদন নির্ভর করবে না।

### **H.1** যদি হ্যাঁ হয়**,** কোন সংস্থা থেকে আপনি অনুদান পেয়েছেন**?**

আপনি যদি চান, যেই সংস্থা/সংস্থাগুলি থেকে আপনি পূর্বে অনুদান পেয়েছেন, তাদের নাম অথবা তারা কী প্রকার সংস্থা তা জানাতে পাড়েন। আপনি কত অনুদান পেয়েছিলেন অথবা কী কাজ করেছিলেন তাও জানাতে পারেন। আপনি না চাইলে আপনাকে এই তথ্য দিতে হবে না।

এই অন্তিম অংশটি প্রয়োজনীয় নথিপত্রের জন্য, যা নির্ভর করছে আপনি ব্যক্তি, ব্যক্তিবিশেষের একটি গোষ্ঠী না সহযোগী সংস্থা হিসেবে আবেদন করছেন, তার উপর।

## আপনি যদি সংস্থা হিসেবে আবেদন করেন:

আপনাকে এই প্রশ্নগুলির উত্তর দিতে হবে।

**I.** শনাক্তকরণের নথি

এই প্রস্তাবের প্রধান যোগাযোগকারী এবং যিনি অনুদান গ্রহণ করবেন তাঁদের শনাক্তকরণের নথি দিন।

- পাসপোর্ট
- জাতীয় আইডি কার্ড
- গাড়ি চালানোর লাইসেন্স / অনুমতিপত্র
- ভোটার কার্ড
- অন্যান্য (text field)

**J.** শনাক্তকরণের নথি কী কোন মেয়াদ উত্তির্ণের তারিখ আছে**?**

হ্যাঁ
না

উত্তর হ্যাঁ হলে তারিখটি আপনার থেকে চাওয়া হবে। দয়া করে খেইয়াল করবেন, তারিখের বিন্যাস মার্কিন মতে। যথা - মাস, দিন, বছর।

**J1.** মেয়াদ উত্তির্ণের তারিখ **(DD/MM/YYYY)**

**K.** দয়া করে নিচের তিনটি বক্সে টিক মারুন এটি নিশ্চিত করতে যে**,** যদি অনুদানের প্রস্তাব গৃহীত হয়**,** তাহলে আপনি জানের যে

- অনুদানের চুক্তি এবং ব্যাঙ্ক অ্যাকাউন্টে সাক্ষরকারীর শনাক্তকরণের নথি লাগবে।
- অনুদান গ্রহণের জন্য আমাদের বানিজ্যিক ব্যাঙ্কের জন্য আপনাকে একটি ব্যাঙ্কের তথ্যের ফর্ম ভরতে হবে।
- আমাদের ব্যাঙ্কের একটি নথিতে ব্যাঙ্ক অ্যাকাউন্ট সাক্ষরকারীদের তালিকা লিখে আপনাকে জমা করতে হবে।

## আপনি যদি ব্যক্তি হিসেবে আবেদন করেন:

আপনাকে এই প্রশ্নগুলির উত্তর দিতে হবে.

**H.** শনাক্তকরণের নথি

এই প্রস্তাবের জন্য যিনি অনুদান গ্রহণ করবেন তার শনাক্তকরণের নথি দিন।

- পাসপোর্ট

- জাতীয় আইডি কার্ড

- গাড়ি চালানোর লাইসেন্স / অনুমতিপত্র

- ভোটার কার্ড

- অন্যান্য (text field)

**I.** শনাক্তকরণের নথি কী কোন মেয়াদ উত্তির্ণের তারিখ আছে**?**

হ্যাঁ
না

উত্তর হ্যাঁ হলে তারিখটি আপনার থেকে চাওয়া হবে। দয়া করে খেইয়াল করবেন, তারিখের বিন্যাস মার্কিন মতে। যথা - মাস, দিন, বছর।

**I1.** মেয়াদ উত্তির্ণের তারিখ **(MM/DD/YYYY)**

## আপনি যদি উইকিমিডিয়া আন্দোলনের সহযোগী হিসেবে আবেদন করেন**:**

আপনাকে খালি এই প্রশ্নটির উত্তর দিতে হবে।

দয়া করে নিচের তিনটি বক্সে টিক মারুন এটি নিশ্চিত করতে যে**,** যদি অনুদানের প্রস্তাব গৃহীত হয়**,** তাহলে আপনি জানের যে

- অনুদানের চুক্তি এবং ব্যাঙ্ক অ্যাকাউন্টে সাক্ষরকারীর শনাক্তকরণের নথি লাগবে।
- অনুদান গ্রহণের জন্য আমাদের বানিজ্যিক ব্যাঙ্কের জন্য আপনাকে একটি ব্যাঙ্কের তথ্যের ফর্ম ভরতে হবে।
- আমাদের ব্যাঙ্কের একটি নথিতে ব্যাঙ্ক অ্যাকাউন্ট সাক্ষরকারীদের তালিকা লিখে আপনাকে জমা করতে হবে।

## আপনি যদি উইকিমিডিয়ার মতাদর্শের অলাভজনক সংস্থা হিসেবে আবেদন করেন**:**

আপনি যদি উইকিমিডিয়ার মতাদর্শের অলাভজনক সংস্থা হিসেবে আবেদন করেন, আপনাকে খালি এই প্রশ্নটির উত্তর দিতে হবে।

অলাভজনক হওয়ার প্রমান
আপনাকে নিচের অন্তত একটি বিকল্প পূরণ করতে হবে। যদিও প্রযোজ্য হলে, আপনি তার বেশিও করতে পারেন। নিচের নথির জায়গায় আপনার অলাভজনক হওয়ার প্রমানের নথি আপলোড করুন। নিচের ক্ষেত্রে স্থানীয় আইন অনুযায়ী আপনার অলাভজনক সংস্থার অবস্থান বর্ণনা করুন। উদাহরণস্বরূপ, “একটি 501(c)3 ট্যাক্সমুক্ত অলাভজনক সংস্থা,” বা “আমার দেশের ডিরেক্টরিতে অন্তর্ভুক্ত নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান।” URL field: যদি অলাভজনক সংস্থার প্রমান অনলাইনে থাকে।

গুরুত্বপূর্ণ অনুস্মারক**!** এই ফর্মটি নিজে থেকে সেভ হয় না। দয়া করে তাই মাঝে মাঝেই সেভ করুন। আপনার ইন্টারনেট পরিষেবা যদি ভালো না হয়, আমরা অফলাইনে আগে উত্তর লিখে নিয়ে, তারপর ফর্মটি ভরার উপদেশ দেব।

# অতিরিক্ত তথ্য

**1.** আপনার হয়ে অনুদান পরিচালনা করার জন্য কোন পৃষ্টপোষক আছে**?**

হ্যাঁ

না

ফিস্কাল স্পনসর বা অনুদান পরিচালনা করার জন্য পৃষ্টপোষক এমন একটি সংস্থা যারা অনুদানপ্রাপকের হয়ে অনুদানের অর্থ গচ্ছিত রাখে। ব্যক্তিবিশেষ, দল বা সংস্থা, যাঁরা অনুদানের জন্য আবেদন করতে চান, অথচ নিজেরা অনুদানের অর্থ পরিচালনা করতে চান না, তাঁরা ফিস্কাল স্পনসর বা পৃষ্টপোষক সংস্থার মাধ্যমে আবেদন করতে পারেন। পৃষ্টপোষক সংস্থা আবেদনকারীর তরফে উইকিমিডিয়া ফাউন্ডেশনের কাছ থেকে অনুদানের অর্থ গ্রহন করে, তা নিজের কাছে গচ্ছিত রাখে, এবং আবেদনকারীর নির্দেশ অনুসারে তা খরচ করে। প্রকল্পটি পরিচালনা ও বাস্তবায়িত করার দায়িত্ব আবেদনকারীর। পৃষ্টপোষক সংস্থা এদের জন্য সুবিধাজনক হতে পারে: (ক) নতুন সংস্থা বা দল যাদের এখনো আইনত নথিভুক্তিকরণ হয়নি বা অনুদান গ্রহণ করার জন্য ব্যাঙ্ক

অ্যাকাউন্ট খোলা হয়নি; (খ) এমন কোন দল বা প্রয়াস যা নির্দিষ্ট কোন কাজের জন্য সাময়িকভাবে গঠন করা হয়েছে; বা (গ) এমন কোন দল যারা কিছু পরিস্থিতির কারণে সরাসরি অনুদান গ্রহণ করতে পারছে না।

পৃষ্টপোষক সংস্থার মাধ্যমে অনুদান পেতে দুটি লিখিত চুক্তির প্রয়োজন: প্রথমটি উইকিমিডিয়া ফাউন্ডেশন এবং পৃষ্টপোষক সংস্থার মধ্যে। দ্বিতীয়টি, উইকিমিডিয়া ফাউন্ডেশন অনুমোদিত খসড়া বা টেমপ্লেট অনুযায়ী, পৃষ্টপোষক সংস্থা এবং আবেদনকারীর মধ্যে। আবেদনকারী ফিস্কাল স্পনসর এবং উইকিমিডিয়া ফাউন্ডেশনকে প্রকল্প সম্পর্কিত তথ্য প্রদান করতে সম্মতি জানাচ্ছে এবং ফিস্কাল স্পনসরের পাশাপাশি উইকিমিডিয়া ফাউন্ডেশনের সঙ্গেও সরাসরি যোগাযোগ করতে পারে। আবেদন করবার পূর্বেই ফিস্কাল স্পনসর ঠিক করে ফেলা বাধ্যতামূলক নয়, কিন্তু আবেদন মঞ্জুর হওয়ার আগে অবশ্যই আবেদনকারীকে তা ঠিক করে ফেলতে হবে।

ফিস্কাল স্পনসর সম্পর্কে আরো জানতে এখানে ক্লিক করুন ।

## 2. আপনি চাইলে আপনার দল অথবা সংস্থার ওয়েবসাইট বা সামাজিক মাধ্যমের অ্যাকাউন্টের কথা এখানে জানান।

**(ঐচ্ছিক)** অনধিক ৫০০ অক্ষর

আপনি কীভাবে যোগাযোগ স্থাপন করেন, তা জানতে এই তথ্য সাহায্য করবে। যদিও এটি ঐচ্ছিক এবং আপনার আবেদন এর উপর নির্ভর করবে না।

## 3. আপনি কি আইনত নিবন্ধিত?

হ্যাঁ

না

আপনি যেই দেশ/দেশগুলিতে আপনার কাজ করতে চান, তার কোথাও আপনি আইনত নিবন্ধিত ব্যক্তি বা সংস্থা কিনা জানান।

## 4. আপনার সংস্থা বা দলের লক্ষ্য কী?

অনধিক ৫০০ অক্ষর

আমরা আপনার দলের বা সংস্থার লক্ষ্য জানতে আগ্রহী। এটি লক্ষ্যের বিবৃতি, আপনার কাজের লক্ষ্যের একটি সংক্ষিপ্ত বিবরণী বা আপনার লক্ষ্য কীভাবে আইনত নিবন্ধিত, তার কোন একটা হতে পারে।

এই ফর্মটি নিজে থেকে সেভ হয় না। দয়া করে তাই মাঝে মাঝেই সেভ করুন।

# অনুদানের প্রস্তাব

আপনাকে ভালো ভাবে জানবার জন্য প্রদত্ত সকল তথ্যের জন্য ধন্যবাদ। এইবার আমরা এই তহবিলের জন্য আপনার প্রস্তাব শুনতে আগ্রহী।

আবেদনকারীরা একাধিক বছরের জন্য তহবিল চাইছেন কি না, তা এই আবেদনপত্রে উল্ল্যেখ করা যাবে। আপনি যদি একাধিক বছরের জন্য তহবিল চাওয়ার কথা ভেবে থাকেন, আমরা পরামর্শ দেবো আপনার দীর্ঘমেয়াদী পরিকল্পনার সঙ্গে বৃহত্তর লক্ষের কথা বর্ণনা করতে। যদিও, এই আবেদনপত্রে <u>প্রথম বছরের তহবিলের</u> জন্য প্রয়োজনীয় কৌশল, কার্য্যক্রম, লক্ষ্য এবং অংশগ্রহণকারীদের উপর জোর দিন। বর্তমান পরিস্থিতি এবং প্রসঙ্গের প্রকৃতি পরিবর্তনের কথা মাথায় রেখে নমনীয় হওয়া এবং মানিয়ে চলা গুরুত্বপূর্ণ। উল্ল্যেখ করুন কীভাবে এইসব কিছু পরবর্তী বছরগুলিতে বিকশিত করা হবে এবং প্রাথমিক তহবিল কীভাবে দীর্ঘমেয়াদী পরিকল্পনায় সাহায্য করবে।

একাধিক বছরের তহবিলের আবেদন করার জন্য আপনার এখাধিক বছরের পরিকল্পনার প্রমান দেওয়া আবশ্যিক। উদাহরণস্বরূপ আপনার সংস্থার কৌশলগত পরিকল্পনা বা অন্য কোন কাগজপত্রের মাধ্যমে। আমাদের মত, একাধিক বছরের তহবিলের জন্য আবেদনের পূর্বে আঞ্চলিক প্রোগ্রাম অফিসারের সঙ্গে যোগাযোগ করে সাহায্য চান ও আপনার প্রস্তাবটি পুনঃমূল্যায়ন করে দিতে বলুন।

**5.** দয়া করে আপনার প্রস্তাবের শিরোনাম উল্লেখ করুন।
অনধিক ২০০ অক্ষর।

এমন একটি নাম বাছার চেষ্টা করুন যা সৃষ্টিশীল এবং আপনি যে প্রভাব ফেলতে চাইছেন তাকে সমর্থন করে। নামের মধ্যে আপনি কার্যকলাপের অঞ্চল, যে সম্প্রদায়ের সঙ্গে কাজ করতে চাইছেন, বা প্রকল্পের সাল বা মাসকে অন্তর্গত করতে পারেন। এতে একই ধরণের প্রকল্প যা অন্য জায়গায় বা অন্য সময়ে হয়েছে, তার থেকে আপনার প্রকল্পকে আলাদা করে চিনতে সুবিধা হবে। যাদের প্রকল্প শিক্ষার সঙ্গে যুক্ত তাঁরা কিছু ভালো পরামর্শের জন্য এখানে ক্লিক করুন। আমাদের কল্পিত উদাহরনঃ

"The New Rising Sun Artists Generation in Antarctica, 2022"

**6.** দয়া করে কাজ শুরু করার প্রস্তাবিত তারিখ উল্লেখ করুন
দয়া করে ক্যালেন্ডার ব্যবহার করে প্রস্তাবিত শুরু এবং শেষের তারিখ জানান। তারিখের বিন্যাস মার্কিন মতেঃ dd/mm/yyyy

**7.** দয়া করে কাজ শেষ করার প্রস্তাবিত তারিখ উল্লেখ করুন

**8.** এই প্রস্তাবটি কোথায় বাস্তবায়িত হবে**?** দয়া করে একটি দেশ বাছুন **(**একটি বিকল্প**)**

দেশের তালিকা (অনুবাদের দরকার পড়লেঃ এখানে তালিকা আছে)

দয়া করে তালিকা থেকে প্রধান দেশ, যেখানে আপনার প্রকল্পটি বাস্তবায়িত করা হবে এবং যেখানে আপনি ফল আশা করছেন, সেটি বাছুন। আমাদের কল্পিত উদাহরনঃ

অ্যান্টার্কটিকা

**9.** এই প্রস্তাবটি স্থানীয়**,** আন্তর্জাতিক**,** না আঞ্চলিক এবং এটি একাধিক দেশকে অন্তর্ভুক্ত করে কিনা জানান**?**

স্থানীয়
আঞ্চলিক (যদি আঞ্চলিক হয় দেশের নাম জানাতে নতুন প্রশ্ন খুলুন)
আন্তর্জাতিক (যদি আন্তর্জাতিক হয় দেশের নাম জানাতে নতুন প্রশ্ন খুলুন)

9.1 যদি আপনি আঞ্চলিক বা আন্তর্জাতিক বেছে থাকেন, দয়া করে দেশের নাম, নির্দিষ্ট অঞ্চল, এবং আর যদি অন্য কোন তথ্য থাকে, যা আমাদের আপনার প্রস্তাব এবং কেন এই অঞ্চলগুলি আপনার জন্য গুরুত্বপূর্ণ, তা বুঝতে সাহায্য করবে, তা লিখুন। অনধিক ৫০০ অক্ষর।

**10.** আপনি কোন মুখ্য সমস্যাগুলির সমাধান করতে চাইছেন এবং আপনার প্রস্তাবিত সমাধানগুলি কী কী**?**
অনধিক ১৫০০ অক্ষর
আমাদের কল্পিত উদাহরণ:

আন্টার্কটিকা বৃহত্তম প্রান্তিক শহরতলির অন্যতম রাইজিং সান। রাইজিং সান ইতিহাস এবং বিভিন্ন সাংস্কৃতিক অভিব্যক্তিতে, বিশেষ করে শহুরে শিল্প এবং সঙ্গীত মাধ্যমে, খুবই সমৃদ্ধ। অথচ, লোকমুখে এখানের অপরাধ ও হিংসার কথাই বেশি প্রচলিত বলে একে প্রায়শই গুরুত্ব দেওয়া হয় না। রাইজিং সানের যুবশক্তি এক শৈল্পিক আন্দোলনের কেন্দ্রে অবস্থান করে। এটি তাদের নিজেদের সম্পর্কে বলায় এবং ঐতিহাসিক সামাজিক বর্জন, বিশেষ করে নারী ও লিঙ্গ সংখ্যালঘুদের বিরুদ্ধে, প্রতিরোধের একটি গুরুত্বপূর্ণ উপায় হয়েছে। তারা দীর্ঘদিন ধরে তাদের ইতিহাস এবং সাংস্কৃতিক অভিব্যক্তিগুলি ব্যাপকভাবে পরিচিত করার এবং তাদের অঞ্চল সম্পর্কে নেতিবাচক ধারনাগুলি হ্রাস করার উপায় অনুসন্ধান করেছে।

এই প্রস্তাবের মাধ্যমে আমরা সাংস্কৃতিক উদ্যোগের সাথে যুক্ত নারী এবং LGBTI সম্প্রদায়ের মতো স্বল্প প্রতিনিধিত্বের গোষ্ঠীগুলিকে উইকিমিডিয়া প্রকল্পের সঙ্গে যুক্ত করার আশা রাখি তাঁদের জ্ঞান এবং কাজকে লিপিবদ্ধ এবং ছড়িয়ে দেওয়ার উদ্দেশে।আমরা বিশ্বাস করি যে Art+Feminism এর মতো বিশ্বব্যাপী প্রচারাভিযানের সাথে এদের সংযোগ স্থাপন করলে এদের আরো দৃশ্যমান করে তোলা যাবে এবং অন্যান্য উইকিমিডিয়ান সম্প্রদায় থেকে এরা শিখবে। অবশেষে, আমরা আশা করি যে কার্যক্রমগুলি কীভাবে একটি শক্তিশালী রাইজিং সান সম্প্রদায়কে গড়ে তোলা যায় এবং স্থানীয় আন্দোলনের আয়োজকদের সাথে অংশগ্রহণকারীদের জড়িত করা যায়, তার একটি দীর্ঘমেয়াদী কৌশলে পরিনত হতে পারে।

## **11.** আপনার প্রস্তাবের মুখ্য উদ্দেশ্য কী**?**
অনধিক ৫০০ অক্ষর

আপনার প্রকল্প শেষে আপনি কী অর্জন করতে চাইছেন, সেটিই আপনার প্রকল্পের মুখ্য উদ্দেশ্য। মুখ্য উদ্দেশ্য অর্জনযোগ্য, সময়-আবদ্ধ, নির্দিষ্ট লক্ষ্য হওয়া উচিৎ যা আপনি প্রকল্পের শেষে মাপতে পারবেন। প্রকল্পের মুখ্য উদ্দেশ্য তৈরীর জন্য আরো উদাহরণ দেখতে এখানে ক্লিক করুন।

এই পদ্ধতিকে বলা হয় SMART:
নির্দিষ্ট**:** পরিষ্কারভাবে সংজ্ঞায়িত কে, কী, কোথায়, কখন, এবং কেন।
পরিমাপযোগ্য**:** আপনার প্রকল্পের মুখ্য উদ্দেশ্য মাপার যোগ্য কিনা নিশ্চিত করুন।
অর্জনযোগ্য**:** আপনি এটি সম্পন্ন করতে পারবেন তা নিশ্চিত করুন।
বাস্তবসম্মত**:** আপনার কাছে পর্যাপ্ত সময় এবংসম্পদ আছে কিনা নিশ্চিত করুন।
সময়-আবদ্ধ**:** কোন সময়ের মধ্যে তা নিশ্চিত রূপে নির্ধারন করুন।

জানুয়ারি ২০২২ এর মধ্যে রাইজিং সান থেকে অন্তত ৫০ জনকে সমবেত ভাবে তাঁদের এলাকার নারী এবং LGBTI+ শিল্পীদের সম্পর্কে উইকিপিডিয়া এবং উইকিমিডিয়া কমন্সে বিষয়বস্তু তৈরী করার এবং Art+Feminism বিশ্বব্যাপী প্রচারাভিযানে অবদান রাখার প্রশিক্ষণ দেওয়া। সঙ্গে অংশগ্রহণকারীদের এই উদীয়মান সম্প্রদায়ে অবদান চালিয়ে যাওয়া এবং ভবিষ্যতে আরো কাজ অন্বেষণ করার ব্যাপারে সাহায্য ও উৎসাহ প্রদান করা। (৩৭২ অক্ষর).

## **12.** এই উদ্দেশ্য সাধন করার জন্য আপনার প্রধান কৌশলগুলি বর্ণনা করুন। এবং এই কৌশলের অঙ্গ হিসেবে যে মুখ্য কার্যক্রম আপনি গড়ে তুলবেন তার বিবরণ দিন।
অনধিক ২৫০০ অক্ষর

এখানে আপনার  প্রধান কৌশলগুলি এবং তার সঙ্গে জড়িত কার্যক্রমগুলির বিবরণ দিন। এই কৌশলগুলি উপাদান, কার্যক্রম, বা প্রস্তাবের অংশ হিসাবে সংগঠিত করা যেতে পারে।

যদি আপনার প্রকল্প একাধিক দেশ জুড়ে চলে, তাহলে প্রতিটি কার্যকলাপ আপনি কোথায় কোথায় বাস্তবায়িত করবেন তা জানান। প্রযোজ্য হলে আপনি নির্দিষ্ট অঞ্চলের কথাও জানাতে পারেন। যদি আপনার কাজ সম্পাদনা, লেখার প্রতিযোগিতা, বা বিষয়বস্তুর প্রচার সম্পর্কিত হয়, তাহলে আপনি এই বিষদ পরামর্শ এবং নির্দেশিকা দেখতে পারেন।

**1: বিভিন্ন বিষয়বস্তু উৎপন্ন করা**
এই প্রোগ্রামটি ফটোওয়াক, রাইটাথন এবং এডিটাথনের মত বিভিন্ন কার্যকলাপের মাধ্যমে নারী ও LGBTI+ শিল্পীদের এবং রাইজিং সানে তাঁদের কাজ সম্পর্কিত কন্টেন্ট তৈরী করবে।

**ফটোওয়াক:** এই কার্যকলাপটি শিল্পী এবং তাদের কাজ নিবন্ধন করার জন্য ফটো ট্যুরের একটি সিরিজ হবে। তিনটি ফটোওয়াকের মাধ্যমে এই অঞ্চলগুলির বিভিন্ন এলাকা এবং যেখানে তাদের আর্টওয়ার্ক স্থাপন করা আছে তা তুলে ধরা হবে। এটি করার জন্য আমরা স্থানীয় সাংস্কৃতিক গোষ্ঠী যারা ছবি তোলা শেখায় তাঁদের সাথে কাজ করবো এবং নারী ও LGBTI সম্প্রদায়গুলি অন্তর্ভুক্ত করতে বলবো। আমরা ২ এবং ৩ নম্বর প্রোগ্রামে অংশগ্রহণের জন্য সমগ্র প্রকল্পের মধ্য থেকে ফটোগ্রাফিতে আগ্রহী কমপক্ষে ২0 জন ব্যক্তিকে জড়িত করবার আশা রাখি।

**রাইটাথন:** এই কার্যকলাপের মাধ্যমে আমরা এই শিল্পীদের কথা এবং তাদের শিল্পের বিবরণ নিবন্ধন করার হেতু তাঁদের সাথে কাজ করার জন্য লেখকদের একটি সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করার আশা রাখি। উইকিপিডিয়া এবং কমন্সে সম্পাদনা করার প্রশিক্ষণ দেওয়ার আগে আমরা চাই তারা সময় নিয়ে প্রয়োজনীয় সমস্ত কন্টেন্ট, রেফারেন্স ইত্যাদি তৈরি করুক। উইকিপিডিয়া নীতিগুলিতে তাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য আমরা কমপক্ষে 10 জন তরুণ লেখকের সাথে একটি কর্মশালা করবো।

**এডিটাথন:** উইকিপিডিয়াতে নিবন্ধগুলি সম্পাদনা করার জন্য এবং উইকিমিডিয়া কমন্সে ছবি আপলোড করার জন্য আমরা বিশেষ করে মহিলা এবং LGBTI সম্প্রদায়ের থেকে কমপক্ষে 50 জনকে নিয়ে (এবং ১ ও ২ নম্বর প্রোগ্রামের অংশগ্রহনকারীদের নিয়ে) একটি তিনদিন ব্যাপী এডিটাথন করবো।  উইকিমিডিয়া আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ চালিয়ে যাওয়া এবং অ্যান্টার্কটিকা এবং Art+Feminism ক্যাম্পেন ও অন্যান্য বিশ্বব্যাপী উদ্যোগগুলি কীভাবে সংযুক্ত করতে হবে তা আমারা তাঁদের প্রশিক্ষণ দেব। এই আন্দোলনে বৃহত্তর যোগ এবং আগ্রহের জন্য এটি খুবই গুরুত্বপূর্ণ।

**2. রাইজিং সান উইকি সম্প্রদায় নির্মাণ**
আমরা স্থানীয় সংস্কৃতি ও পরিচয়গুলি নথিভুক্ত করার এবং উইকিমিডিয়া প্রকল্পগুলিতে ভাগ করার জন্য নারী ও LGBTI সম্প্রদায়ের সাথে একটি  দীর্ঘমেয়াদী কৌশল বিকাশের জন্য শৈল্পিক ও সাংস্কৃতিক খাতের সাথে সম্পর্কিত পরিকল্পনা তৈরি করব। এর জন্য, আমরা কীভাবে রাইজিং সানে বিদ্যমান সম্প্রদায় ও অ্যাক্টিভিস্ট ডাইনামিক্স এবং কমিউনিটি তৈরি আয়োজন করা যায় তা নিয়ে আলোচনা করব। এই প্রক্রিয়ার মধ্যে যারা সম্প্রদায়ের মধ্যে আয়োজক হতে চায় এবং তাদের ক্ষমতার চাহিদা, অন্যান্য স্থানীয় এনজিও, স্কুল, এবং সামাজিক নেতাদের কীভাবে জড়িত করা যায়, আমরা তা সংজ্ঞায়িত করবো। আমরা আশা করি যে এই পরিকল্পনাটি দীর্ঘমেয়াদী উইকিমিডিয়া তহবিলের জন্য ভবিষ্যতে প্রস্তাবে বিকাশ করবে।

## **13.** দয়া করে জানান উইকিমিডিয়া গোষ্টিতে সচরাচর যা করা হয়ে থাকে**,** নিম্নোক্ত সেই কাজগুলির কোনও একটি আপনি সম্পাদন করবেন কিনা**?**

যে কটি কার্য্যক্রম আপনি সম্পাদন করতে চান তার সবকটি নির্বাচন করুন। এই তালিকাটি কেবল একটি ধারণা দেওয়ার জন্য। আপনার প্রস্তাব শুধুমাত্র এই কটি কার্যক্রমে সীমিত রাখার প্রয়োজন নেই। পরবর্তী প্রশ্নে আপনি সকল কার্যক্রম বিস্তারিতভাবে বর্ণনা করতে পারবেন।

উইকিমিডিয়া সম্প্রদায় বিভিন্ন কার্যক্রম তৈরী করেছে, যার এখন বিশ্বব্যাপী ব্যাপক প্রচলন আছে। এই কার্যক্রমের তালিকাটি আমরা নিচে দিয়েছি। আয়োজকদের সাহায্যার্থে এর মধ্যে অনেক কার্যক্রমের নির্দেশিকা আছে। আমরা তার মধ্যে কিছুর ওয়েব লিঙ্ক দিয়েছি।

আপনার প্রকল্পের জন্য আপনি এই তালিকা থেকে আপনার লক্ষ্য পূরণ করছে এরকম কোন কার্যক্রম বেছে নিতে পারেন। অথবা এই তালিকায় নেই এরকম কিছু যা আপনি নিজে বানাবেন, তার বর্ণনা দিতে পাড়েন। যদি আপনার কাজ সম্পাদনা, লেখার প্রতিযোগিতা, বা বিষয়বস্তুর প্রচার সম্পর্কিত হয়, তাহলে আপনি এই বিষদ পরামর্শ এবং নির্দেশিকা দেখতে পারেন।

- অফলাইন মিট-আপ সংগঠিত করা: মিট-আপ এমন কিছু গুরুত্বপূর্ণ অনুষ্ঠান যেখানে উইকিমিডিয়ানরা (উইকিমিডিয়া প্রকল্পের ব্যবহারকারীরা) সামনা সামনি অনাড়ম্বর পরিবেশে দেখা করেন। বহু বছর ধরে পৃথিবীর বহু জায়গায় এগুলি হয়ে আসছে। বিস্তারিত তথ্যের জন্য এখানে ক্লিক করুন অথবা ভালো মিট-আপের পরামর্শ সংবলিত এই উইকিপিডিয়া পাতাটি দেখুন.
- অনলাইন মিট-আপ সংগঠিত করা: যেই সব মিট-আপ অনলাইনে হয়।
- কর্মশালা: এই কর্মসূচীর দ্বারা অংশগ্রহণকারীদের উইকিপিডিয়া এবং অন্যান্য উইকিমিডিয়া প্রকল্পের সঙ্গে পরিচিত করানো হয় এবং কী ভাবে সেগুলি সম্পাদনা করতে হয় তা শেখানো হয়। উইকিপিডিয়া কর্মশালা কিছু ঘন্টা থেকে কয়েক দিন ব্যাপী সংগঠিত হতে পারে। এখানে একটি কর্মশালার উদাহরণ আছে।
- এডিটাথন: একটি নির্ধারিত সময় যখন সম্পাদকেরা উইকিমিডিয়া প্রকল্পগুলিতে একসঙ্গে কাজ করেন, অফলাইন, অনলাইন বা মিলিয়ে মিশিয়ে দুভাবেই। সাধারনত এক্ষেত্রে কিছু নির্ধারিত বিষয়ের উপর কাজ হয়, যেমন বিজ্ঞান বা নারী ইতিহাস। এটি নতুন উইকিমিডিয়ান নিয়োগ করা এবং তাঁদের সম্পাদনা শেখানোর একটি পন্থা। বিষদ তথ্যের জন্য এখানে ক্লিক করুন।
- উইকি লাভস প্রচারকার্য: উইকি লাভস X একটি নির্দিষ্ট বিষয়ের উপর চালানো প্রচার অভিযান। এগুলি উইকি লাভস মনুমেন্টের মত আন্তর্জাতিক অথবা উইকি লাভস SDGs মতো স্থানীয় প্রচার অভিযান হতে পারে.
- ট্রেন-দ্যা-ট্রেনার: উইকিমিডিয়া সম্প্রদায়ের সদস্যদের মধ্যে নেতৃত্ব এবং প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে এই প্রশিক্ষণমূলক কার্যক্রমটি করা হয়। এখানে একটি উদাহরণ আছে।
- ফটোওয়াক: এই কর্মসূচির দ্বারা অংশগ্রহনকারীরা দল বেঁধে ক্যামেরা নিয়ে ছবি তোলার উদ্দেশ্যে হেঁটে বেড়ায়। উদাহরণস্বরূপ এই প্রস্তাবটিতে একটি ফটোওয়াক আছে এবং এখানে কিছু পরামর্শ পাওয়া যাবে ।
- উইকিক্যাম্প: কিছু উইকিমিডিয়া সম্প্রদায়ের দ্বারা তৈরী এই কর্মসূচী ছাত্রছাত্রীদের মজাদার এবং আকর্ষক কার্যকলাপের মাধ্যমে উইকিমিডিয়া প্রকল্প সম্পাদনার কাজ শেখায়। এটি শিক্ষামূলক অভিযানে যুক্ত করা সম্ভব। আর্মেনিয়ার একটি উদাহরণ দেখার জন্য এখানে ক্লিক করুন।
- প্রতিযোগিতা: প্রতিযোগিতা এবং উইকিমিডিয়া প্রকল্পে বিভিন্ন অবদানের জন্য পুরষ্কার। যেমন ভালো লেখা, সাইট এবং লোগো ডিজাইন, কিংবা দারুণ ছবি অথবা মিডিয়ার জন্য উৎসাহিত করা। প্রতিযোগিতা সংগঠিত করা এবং প্রতিযোগিতার ধরণ সম্পর্কে আরো জানতে এখানে ক্লিক করুন।
- উইকিমিডিয়ান-ইন-রেসিডেন্স: একজন অভিজ্ঞ উইকিমিডিয়ান (সম্পাদক বা আয়োজক) যিনি কোন অংশীদার সংস্থায় (অথবা কোন পেশাগত বা প্রাতিষ্ঠানিক নেটয়ার্ক) উপস্থিত থেকে কাজ করার জন্য সময় দেবেন সেই সংস্থার মধ্যে উইকিমিডিয়া প্রকল্প প্রচারের কাজে এবং উইকিমিডিয়া প্ল্যাটফর্মের মধ্যে জ্ঞান ভাগ করে নেওয়ার উদ্দেশে। ক্রিয়াকলাপগুলির মধ্যে অন্যতম মুক্ত অধিকারের পক্ষসমর্থন, প্রশিক্ষণ সংগঠন, ইভেন্ট এবং প্রচারাভিযান। আরো তথ্যের জন্য এখানে ক্লিক করুন এবং উইকিমিডিয়ান-ইন-রেসিডেন্স এক্সচেঞ্জ নেটওয়ার্ক যা সংস্থা এবং ব্যক্তিবিশেষকে পিয়ার-টু-পিয়ার সাহায্য প্রদান করে, তার সম্পর্কে জানুন।
- সম্মেলন/অনুষ্ঠান আয়োজন: এটি অভিজ্ঞতা ভাগ করে নেওয়া, দক্ষতা তৈরি করা এবং নেটওয়ার্কিং-এর জন্য জাতীয় এবং আঞ্চলিক প্ল্যাটফর্ম তৈরীর উদ্দেশে করা আঞ্চলিক অনুষ্ঠান হতে পারে (যেমন Iberocoop; WISCom, ESEAP, এবং CEE গোষ্ঠী)। জাতীয় এবং আঞ্চলিক কনফারেন্সের কিছু উদাহরণ হল উইকিকনফারেন্স ইন্ডিয়া, উইকিকনফারেন্স নর্থ আমেরিকা এবং উইকিআরাবিয়া, ESEAP Conference, CEE Meeting, এবং উইকি ইন্ডাবা -এর মত আঞ্চলিক অধিভুক্ত শাখার অধিবেশন। এগুলি উইকিমিডিয়া আন্দোলনের সাথে সম্পর্কিত চালু এবং সংজ্ঞায়িত থিমের উপরেও হতে পারে যেমন শিক্ষা বা লিঙ্গ। পরিশেষে, তারা বৃদ্ধির ইভেন্ট হতে পারে যা নতুন উদ্ভাবনী ধারনা তৈরী করতে চায় এবং / অথবা উদীয়মান সম্প্রদায়ের থেকে নতুন অবদানকারীদের তুলে আনতে বা গোষ্ঠীগুলির মধ্যে সহযোগিতা প্রচার করতে চায়। (যেমন নতুন এবং পুরানো অধিভুক্ত শাখার মধ্যে ধারনা ভাগ করা)। বিঃ দ্রঃ: আপনার প্রস্তাবের মূল লক্ষ্য যদি একটি কনফারেন্স বা ইভেন্ট হয় অনুগ্রহ করে কনফারেন্স ফান্ড অ্যাপ্লিকেশনটি দেখুন যে সেটি আপনার চাহিদার জন্য বেশি উপযুক্ত কিনা।
- কোন মাধ্যমে প্রচার প্রচারণা সংগঠিত করা: এই কার্যকলাপগুলির লক্ষ্য প্রচারমূলক প্রচারাভিযানের মাধ্যমে উইকিমিডিয়া প্রকল্পগুলির সৃষ্টা সচেতনতা তৈরি করা। এই প্রচারাভিযানগুলি অনলাইনে হতে পারে, যেমন সামাজিক মিডিয়া প্ল্যাটফর্মগুলিতে, অথবা অফলাইনে যেমন প্রচারমূলক উপাদান ছাপানো এবং প্রতিষ্ঠানগুলিতে বিতরণ / প্রদর্শন করা, মিডিয়া আউটলেটে ইভেন্ট ইত্যাদি।এই প্রচারাভিযানের অঙ্গ হিসেবে ভিডিয়ো বানানোও যায়। বিষদে জানতে এখানে ক্লিক করুন, এবং এই আকর্ষক উদাহরনটি দেখুন।
- আন্দোলনের প্রচারকার্য সংগঠিত করা: একটি আঞ্চলিক বা বিশ্বব্যাপী প্রচারণা সংগঠিত করতে সাহায্য করার জন্য কার্যকলাপ
- অন্যান্য: যদি আপনি অন্য ক্রিয়াকলাপ অন্তর্ভুক্ত করতে চান তবে আপনার নির্বাচনে এটি অন্তর্ভুক্ত করুন।

- প্রযোজ্য নয়: যদি আপনি এই কার্যকলাপগুলির কোনটাই করতে চান না, কিন্তু পরবর্তী প্রশ্নে অন্য কোন কার্যকলাপের প্রস্তাব দিতে চান, তবে আপনার নির্বাচনে এটি অন্তর্ভুক্ত করুন।

আমাদের কাল্পনিক অ্যান্টার্কটিকা "The New Rising Sun Generation" উদাহরণে আমাদের উত্তর এইরকম হবে:

- এডিটাথন
- অফলাইন মিটআপ
- ফটোওয়াক
- অন্যান্য

## 14. আপনি স্বয়ং কি কোন অনুষ্ঠান বা ক্রিয়াকলাপ চালাবেন?

দয়া করে জানান আপনি স্ব্যং কোন অনুষ্ঠান বা কার্যকলাপ চালাবেন কিনা। ১০ জনের বেশি মানুষ নিয়ে কোন ইভেন্ট করলে স্থানীয় স্বাস্থ্যবিধি মেনে চলুন। ১০ জনের বেশি হলে আপনাকে ঝুকি মূল্যায়ন করে দেখতে হবে। এই স্প্রেডশিটটির কপি বানিয়ে সেটি ঝুকি মূল্যায়নের কাজে ব্যবহার করুন। কী করে ঝুকি মূল্যায়ন করবেন তার জন্য এই ভিডিওটি দেখুন।

হ্যাঁ
না
হতে পারে

**14a. and 14b.** আপনার উত্তর যদি হ্যাঁ হয়, কোভিড-১৯ ঝুঁকির মূল্যায়নের নীতি অনুসরন করতে ভুলবেন না। ঝুঁকি মূল্যায়নের আপনার পূরণ করা কপিটি আপলোড করুন অথবা লিংক দিন।

## 15. দয়া করে জানান নীচে উল্লিখিত কোন বিষয়বস্তুর তথ্যের অসমতা পূরণ করা আপনার প্রস্তাবের উদ্দেশ্য কিনা?

উইকিমিডিয়া উইকিমিডিয়া প্রকল্পের কন্টেন্টে তথ্যের অসমতা খুঁজে তা পূরণ করার লক্ষ্য স্থির করেছে। Several উইকিমিডিয়া সম্প্রদায়গুলি এই লক্ষ্য সমর্থনের জন্য উদ্যোগী হয়েছে। কোন অসমতা খুঁজে পাওয়া গেছে এবং এবং তা পূরণের জন্য কী কাজ হয়েছে তা বের করা আপনার জন্য আকর্ষক হতে পারে। সেই জনই আমরা লিঙ্কসহ তথ্যের অসমতার ধরণ এবং সেই সম্পর্কিত উদ্যোগের একটি অসম্পূর্ণ তালিকা তৈরী করেছি। এটি সম্পূর্ণ তালিকা নয় এবং সময়ের সাথে আরও তৈরী করা হচ্ছে।

- বিষয়বস্তুতে লিঙ্গ বৈষম্য (জেন্ডার গ্যাপ): বিষয়বস্তুতে লিঙ্গ পরিচিতি নিয়ে আরো বেশি কাজের জন্য বানানো কন্টেন্ট। বিদ্যমান বৈষম্য: উইকিমিডিয়ার বেশিরভাগ বিষয়বস্তু পুরুষকেন্দ্রিক। রেফারেন্স: উইকিমিডিয়া প্রকল্পগুলিতে এই বৈষম্য দূর করার লক্ষ্যে বেশ কিছু সম্প্রদায়, যেমন Gender Gap Portal, Women in Red, এবং সংস্থা, যেমন Whose Knowledge? কাজ করছে। এই গুরুত্বপূর্ণ কাজগুলি সম্পর্কে আরো জানতে লিঙ্কগুলিতে যান।
- সময়কাল (যুগ): ঐতিহাসিক কন্টেন্টে তথ্যের অসমতা পূরণের লক্ষ্যে বানানো কন্টেন্ট। বিদ্যমান বৈষম্য: গবেষকরা খুঁজে পেয়েছেন যে সকল ভাষার উইকিপিডিয়াতেই সাম্প্রতিক গটনা নিয়ে নিবন্ধ বেশি এবং সব সময়কালের কন্টেন্ট বাড়াতে হবে। রেফারেন্স: Wikiproject Historical Information সেইসকল নিবন্ধ যেখানে ঐতিহাসিক তথ্য কম বা নেই, সেগুলি নিয়ে কাজ করে।
- ভূগোল: ভৌগলিক বৈচিত্রকে তুলে ধরে যে কন্টেন্ট। বিদ্যমান বৈষম্য: ভৌগলিক অবস্থান বিচার করলে উইকিমিডিয়ার কন্টেন্টের বেশিরভাগটাই মার্কিন যুক্তরাষ্ট্র এবং পশ্চিম ইউরোপের। দেশের মধ্যেও গ্রামীণ অঞ্চলের থেকে শহরের কন্টেন্ট বেশি। রেফারেন্স: এই বৈষম্য দূর করতে বেশ কিছু উইকিমিডিয়া প্রকল্প কম কন্টেন্ট আছে এমন জায়গা নিয়ে কাজ করছে। একটি উদাহরণ Africa Portal in Wikipedia.
- ভাষা: উইকিমিডিয়া প্রকল্পের কন্টেন্ট যতসম্ভব বেশি ভাষায় পৌছে দেওয়ার জন্য বানানো কন্টেন্ট ও টুল। বিদ্যমান বৈষম্য: উইকিপিডিয়ার বিভিন্ন ভাষার আকার ও পরিধির মধ্যে বিস্তর ফারাক আছে। এছাড়াও উইকিমিডিয়া কমন্সের মত বহুভাষিক প্রকল্পেও বেশিরভাগ ছবির বিবরণ ইংরেজিতে থাকে। উইকিউপাত্তর লেবেলেও ইংরেজির উপস্থিতি অনেক বেশি।
- আর্থসামাজিক অবস্থা: এমন কন্টেন্ট যা কোন অঞ্চল বা মানুষের আর্থসামাজিক অবস্থার কন্টেন্টে আরো বৈচিত্র আনবে। বিদ্যমান বৈষম্য: উচ্চতর মানব উন্নয়ন সূচকধারী পশ্চিমের দেশগুলি নিয়ে উইকিপিডিয়াতে বেশি কন্টেন্ট আছে। রেফারেন্স: Cultural Diversity Observatory এর মতন প্রচেষ্টা উইকিমিডিয়া প্রকল্পে পিছিয়ে পরা অঞ্চলের আরো বেশি

করে অন্তর্ভুক্তির লক্ষ্যে কাজ করে।

- যৌন অভিমুখিতা: এমন কন্টেন্ট যা যৌন অভিমুখিতার নিরিখে আরো বৈচিত্রপূর্ণ কাজের প্রতিনিধিত্ব করবে। রেফারেন্স: Wikidata WikiProject LGBT উইকিউপাত্ততে যৌন অভিমুখিতা সম্পর্কিত ভালো সূত্রের সঙ্গে স্টেটমেন্টের কাজ করছে।
- গুরুত্বপুর্ন বিষয়: এমন কন্টেন্ট যা পাঠকদের কাছে বিশেষভাবে প্রভাবশালী এবং উচ্চমানের গুরুত্বপূর্ণ বলে মনে করা হয় কিংবা সেগুলি চিহ্নিত করার টুল। বিদ্যমান বৈষম্য: আন্দোলন কৌশলের মতে সম্প্রদায়ের হাতে বিশ্বের প্রভাবশালী বিষয় বের করার মত টুল এখনো নেই। রেফারেন্স: WikiProject Vital Articles অথবা All Human Knowledge এর মতন প্রকল্প গুরুত্বপূর্ণ এবং প্রভাবশালী বিষয়ের তালিকা বানায় যা সব ভাষার উইকিপিডিয়াতে থাকা উচিৎ।
- সাংস্কৃতিক প্রেক্ষাপট, জাতি, ধর্ম, বর্ণ: ইতিহাস, ঐতিহ্য এবং বিভিন্ন সাংস্কৃতিক গোষ্ঠীর নিরিখে সাংস্কৃতিক বৈচিত্রের প্রতিনিধিত্ব করে এমন কন্টেন্ট। বিদ্যমান বৈষম্য: সাংস্কৃতিক পরিচিতি সম্পাদকদের অবদান রাখার জন্য একটা বড় প্রেরণা। AfroCrowd এর মতন উদ্যোগ এই সাংস্কৃতিক বৈষম্য দূর করার লক্ষ্যে কাজ করছে।
- প্রযোজ্য নয়: আপনার প্রস্তাব যদি এর কোনটার সাথেই সম্পর্কিত না হয়ে থাকে, তাহলে এই বিকল্পটি বাছুন।

বিঃদ্রঃ: বিভিন্ন সংজ্ঞা নলেজ গ্যাপ শ্রেণীবিন্যাস থেকে নেওয়া হয়েছে। এই নলেজ গ্যাপ গবেষণা সম্পর্কে বিষদে জানতে এবং আপনার কাজের সাথে কীভাবে এটি যুক্ত হতে পারে বুঝতে এখানে ক্লিক করুন।

আমাদের কল্পিত অ্যান্টার্কটিকা “The New Rising Sun Generation” জন্য:

**বিষয়বস্তুতে লিঙ্গ বৈষম্য এবং যৌন অভিমুখিতা:** কারণ নারী এবং রূপান্তরিত শিল্পীদের উপর কন্টেন্ট তৈরী করা হবে।
**ভূগোল:** কারণ দক্ষিণ বিশ্বের একটি দেশ, তদুপরি সেই দেশের পিছিয়ে পড়া একটি অঞ্চলের শিল্পী এবং সাংস্কৃতিক গোষ্ঠীদের নিয়ে কাজ হবে।
**ভাষা:** কারণ ইংরেজি ছাড়াও অন্য ভাষার উইকিপিডিয়াতে কাজ করা হবে। কমপক্ষেও ইংরেজি ছাড়া ওন্য ভাষায় বর্ণনা লেখা হবে।
**আর্থসামাজিক অবস্থা:** কারণ বিভিন্ন আর্থসামাজিক অবস্থার, বেকার যুবশক্তির এবং কম শিক্ষার শিল্পী এবং সাংস্কৃতিক গোষ্ঠীদের নিয়ে কাজ হবে।
**সাংস্কৃতিক প্রেক্ষাপট:** কারণ প্রান্তিক কালো সম্প্রদায়ের শিল্পী এবং সাংস্কৃতিক গোষ্ঠীদের নিয়ে কাজ হবে।

## **16.** দয়া করে জানান আপনার প্রস্তাবটিতে নিম্নোক্ত কোন একটি ক্ষেত্র বা বিষয়ভিত্তিক নির্দিষ্ট লক্ষ আছে কি না।

দয়া করে আপনার কাজের জন্য বিষয়ভিত্তিক এলাকা নির্বাচন করুন - যেমন যেই সমস্যা বা বিভাগে আপনি কাজ করবেন এবং/অথবা যেই কন্টেন্ট আপনি তৈরী করতে চান। এখানে উইকিমিডিয়া আন্দোলনের জন্য গুরুত্বপূর্ণ কিছু বিষয়ের তালিকা আছে।

- শিক্ষা: শিক্ষা ব্যবস্থার (অভিভাবক, ছাত্রছাত্রী, শিক্ষক, ইস্কুল, শিক্ষা মন্ত্রণালয়, ইউনেস্কো, ইত্যাদি) সঙ্গে যুক্ত কার্যক্রম, যা শিক্ষা প্রতিষ্ঠানে পালিত হবে অথবা উইকিক্লাব এবং ক্যাম্প, বর্ষীয়ান নাগরিকদের শেখানোর কার্যক্রম, অথবা স্কুল পরবর্তী কার্যক্রমের মতন অনানুষ্ঠানিক শিক্ষাকে গুরুত্ব দেবে। নির্দিষ্ট নির্দেশিকার জন্য এখানে ক্লিক করুন এবং আরও তথ্যের জন্য দেখুন শিক্ষাব্যবস্থায় উইকিমিডিয়া অথবা এটি।
- পক্ষসমর্থন: যেইসব নীতি এবং সিদ্ধান্ত জনসাধারণকে মুক্ত জ্ঞান পেতে ও তাতে অবদান রাখতে বাধাদান করে বা ভয় দেখায়, সেইগুলির উপর নজর রাখা, তা সম্বন্ধে লোকজনকে অবগত করা, আলোচনা করা, এবং সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া। এর অর্থ রাজনৈতিক, আইনি ও সক্রিয় অংশগ্রহণ গড়ে তোলা এবং আঞ্চলিক, স্থানীয় এবং আন্তর্জাতিক স্তরে সহযোগিতা করা। উইকিমিডিয়া সম্প্রদায়ের পক্ষসমর্থন বিষয়ক আলোচনা, ব্যবস্থা এবং সিদ্ধান্ত সম্পর্কে জানতে এখানে ক্লিক করুন।
- মানবাধিকার: মানবাধিকার সম্পর্কিত জ্ঞান বাড়ানো এবং তা সবার জন্য সহজ ও সুলভ করার কার্যক্রম, যাতে সবাই

নিজের মৌলিক মানবাধিকার সম্পর্কে জানতে পারে এবং তা বজায় রাখতে পারে। এই ক্ষেত্রে কাজের সম্পর্কে আরো জানতে, এখানে ক্লিক করুন।

- জননীতি: মুক্ত জ্ঞানের অধিকার খর্ব করে এমন নীতির বিরুদ্ধে করা কার্যকলাপ। যেমন কিনা সেন্সর, কপিরাইট, প্রাইভেসি এবং মধ্যস্থতাকারীর দায়।
- সংস্কৃতি, ঐতিহ্য, এবং গ্ল্যাম: যেই কার্য্যক্রম অবস্তুবাদী সাংস্কৃতিক ঐতিহ্য (যেমন প্রচলিত সংস্কার, প্রদর্শন করার মত শিল্পকলা, এবং উৎসব), অথবা বস্তুবাদী সংস্কৃতি ( যেমন আঁকা, পাণ্ডুলিপি এবং সৌধ) নিয়ে কাজ করে। সর্বদা না হলেও এই ক্রিয়াকলাপগুলি প্রায়শই লাইব্রেরি এবং অন্যান্য সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলির সঙ্গে একসাথে গড়ে তোলা হয়, যারা জনসাধারণের জন্য উন্মুক্তভাবে পুনর্ব্যবহারযোগ্য সামগ্রী তৈরি করতে উইকিমিডিয়ার সাথে কাজ করতে চান। ব্যবহৃত কৌশলগুলির অন্যতম হল এডিটাথন, ডেটাথন, এবং কর্মশালা,কমন্স বা উইকিউপাত্ততে বড় সংখ্যক আপলোড করা, উইকিমিডিয়ান-ইন-রেসিডেন্স, এবং ফটো প্রতিযোগিতা আয়োজন করা। প্রান্তিক কন্টেন্ট নিয়ে কাজ করার উপায়গুলি হল ভাষার ডকুমেন্টেশন এবং পুনরুজ্জীবন; যেই সম্প্রদায়ের থেকে সামগ্রী পাওয়া গেছে তাঁদের সঙ্গে সামগ্রী রাখা আছে যেই প্রতিষ্ঠানে, তাঁদের আলোচনা করানো, এবং উইকিউপাত্ততে অবস্তুবাদী সংস্কৃতির মডেল বানানো। আরো নির্দিষ্ট পরামর্শ এবং কী করা উচিৎ জানতে এখানে ক্লিক করুন এবং সাম্প্রতিক উদাহরণের জন্য দেখুন GLAM newsletter।
- জলবায়ু পরিবর্তন এবং স্থায়িত্ব: জলবায়ু পরিবর্তন, জলবায়ু ন্যায়বিচার এবং টেকসই উন্নয়ন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি সম্পর্কিত কার্যক্রম। কিছু উদাহরণের জন্য এইগুলিতে ক্লিক করুন, African Climate change editathon, Wiki Meets Sustainable Fashion.
- মুক্ত প্রযুক্তি: এমন প্রযুক্তি যা সবার একযোগে কাজ করাকে উৎসাহিত করে এবং সম্ভাব্য সংশোধন এবং পুনর্বিতরণের জন্য বিনামূল্যে উপলব্ধ।
- বৈচিত্র: এমন প্রকল্প যার লক্ষ্য বৈচিত্র্য এবং এর সাথে সম্পর্কিত মান প্রচার করা। বৈচিত্র বলতে বিভিন্ন রকম এবং পার্থক্য, দুইই বোঝায়। যেমন লিঙ্গ, যৌন অভিমুখিতা, সাংস্কৃতিক, ভৌগলিক, জাতিগত, ধর্মীয় ইত্যাদি এবং এর উপস্থিতি অনর্ভুক্তি এবং সমতা পালন করতে সাহায্য করে।
- অন্যান্য: আপনি যদি এগুলি এবং ২১ নম্বর প্রশ্নে যা আছে তা ছাড়া আরও বিষয় আপনার কাজে অন্তর্ভুক্ত করতে চান তাহলে এই বিকল্পটি বাছুন।
- প্রযোজ্য নয়: আপনার প্রকল্প যদি এর মধ্যে কোন বিষয়ে না হয়, তাহলে এই বিকল্পটি বাছুন।

আমাদের কল্পিত অ্যান্টার্কটিকা “The New Rising Sun Generation” উদাহরণের জন্য আমরা বেছেছি:

**সংস্কৃতি, ঐতিহ্য এবং গ্ল্যাম**

## 17. আপনার কাজটিতে কি কোন প্রান্তিক ও সুবিধাহীন সম্প্রদায়ের অংশগ্রহণকারীদের লিপ্ত করার লক্ষ্য রয়েছে? প্রযোজ্য সবকটি বিভাগই নির্বাচন করুন।

দয়া করে খেয়াল করবেন, এর আগে আমরা বিষয়বস্তুর নিরিখে অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্য নিয়ে জানতে চেয়েছিলাম। নিম্নোক্ত প্রশ্নে আমরা অংশগ্রহণকারীর বৈচিত্র্যের কথা জানতে চাইছি। সংজ্ঞা ও উদাহরণের জন্য এই নির্দেশিকাটি দেখুন।

অংশগ্রহণকারী**:** সেই সকল ব্যক্তিবিশেষ যারা অবেদন বা রিপোর্ট অনুযায়ী অনুদান দ্বারা পরিচালিত সূচী, অনুষ্ঠান অথবা কার্যক্রমে অংশগ্রন করেন বা সেগুলি থেকে সুবিধা পান, নিজে অথবা অন্য কোন উপায়ে। সামাজিক মাধ্যমের অনুগামী, দাতা অথবা অন্যান্য যাঁরা সরাসরি সামিল হননি, তাঁরা এর আওতাভুক্ত নন। সূচী, অনুষ্ঠান অথবা কার্যক্রমের আয়োজকদের এর মধ্যে ধরা হবে।

দয়া করে এই সংজ্ঞাগুলি দেখে আপনার প্রস্তাবে নিরাপদ পরিবেশের মাধ্যমে কাদের অন্তর্ভুক্ত করা হচ্ছে তা বাছুন।

- লৈঙ্গিক পরিচয়: বিভিন্ন লৈঙ্গিক পরিচয়ের মানুষজনকে অন্তর্ভুক্ত করা। বিশেষ করে সেই সব লিঙ্গের মানুষ, যাদের প্রতিনিধিত্ব কম। যেমন নারী, রুপান্তরকামী ইত্যাদি।
- যৌন অভিমুখিতা: বিভিন্ন যৌন অভিমুখিতার মানুষজনকে অন্তর্ভুক্ত করা। বিশেষ করে সেই সব মানুষ, যাদের প্রতিনিধিত্ব কম।
- ভৌগলিক: বিভিন্ন ভৌগলিক অঞ্চলের মানুষজনকে অন্তর্ভুক্ত করা। বিশেষ করে সেইসব দেশ বা অঞ্চলের মানুষ যেগুলি কম উন্নত। অথবা সেই সব অঞ্চলের মানুষ, যাদের প্রতিনিধিত্ব কম ( যেমন গ্রাম, প্রত্যন্ত এলাকা, কম উন্নত অঞ্চল)।
- জাতি/বর্ণ/ধর্ম বা সাংস্কৃতিক প্রেক্ষাপট: বিভিন্ন জাতি/বর্ণ/ধর্ম বা সাংস্কৃতিক প্রেক্ষাপটের মানুষজনকে অন্তর্ভুক্ত করা। বিশেষ করে সংখ্যালঘু এবং সেই সব মানুষ, যাদের উইকিমিডিয়া প্রকল্পে প্রতিনিধিত্ব কম।

- প্রতিবন্ধকতা: বিভিন্ন প্রতিবন্ধী মানুষজনকে অন্তর্ভুক্ত করা। যেমন জ্ঞানীয়, উন্নয়নমূলক, বুদ্ধি, মানসিক, শারীরিক, বা সংজ্ঞাবহ প্রতিবন্ধী। উদাহরণের জন্য এখানে দেখুন - Para-Wikimedians User Group.
- ভাষাগত / ভাষা: বিভিন্ন ভাষার মানুষজনকে অন্তর্ভুক্ত করা। বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়ের ভাষা, যেগুলির সাধারনত আন্তর্জাতিক, স্থানীয় বা আঞ্চলিক পর্যায়ে প্রতিনিধিত্ব কম।
- আর্থসামাজিক অবস্থান: শিক্ষা, রোজগার, আর্থিক বা কর্মসূত্রে বিভিন্ন মাত্রার মানুষজনকে অন্তর্ভুক্ত করা। বিশেষ করে সেই সব মানুষ, যাদের প্রতিনিধিত্ব কম। যেমন কম রোজগার বা শিক্ষার মানুষজন।
- বয়স: বিভিন্ন বয়সের মানুষজনকে অন্তর্ভুক্ত করা। বিশেষ করে সেই সব মানুষ, যাদের প্রতিনিধিত্ব কম। যেমন যুব বা বৃদ্ধ মানুষজন।
- ডিজিটাল অধিকার: বিভিন্ন ডিজিটাল অধিকারসম্পন্ন মানুষজনকে অন্তর্ভুক্ত করা। পর্যাপ্ত পরিকাঠামো, সম্পদ, এবং/অথবা দক্ষতার বিভিন্ন স্তরে অধিকার আছে যাদের।
- প্রযোজ্য নয়: আপনার প্রস্তাব যদি এই সকল সম্প্রদায়ের কোনটিরও বৈচিত্র নিয়ে কাজ না করে, তা হলে এটি বাছুন।

আমাদের অ্যান্টার্কটিকা "The New Rising Sun Generation" উদাহরণের জন্য আমরা এইগুলি বাছবো:

- বিষয়বস্তুতে লিঙ্গ বৈষম্য
- যৌন অভিমুখিতা
- ভৌগলিক
- আর্থসামাজিক অবস্থান
- বয়স

## **18.** দয়া করে আপনার নির্ধারিত অংশগ্রহণকারীদের সম্পর্কে আমাদের আরও বিষদে বলুন।

দয়া করে অংশগ্রহণের জন্য নির্দিষ্ট শর্তগুলি অন্তর্ভুক্ত করুন এবং প্রস্তাব বাস্তবায়িত করার পরেও কীভাবে অংশগহণকারীদের উপস্থিতি ধরে রাখবেন সেই কৌশলগুলি বর্ণনা করুন। অনধিক ২৫০০ অক্ষর

আগের প্রশ্নে উল্লিখিত এই বৈচিত্রময় অবদানকারীদের **contributors** আপনি কীভাবে অন্তর্ভুক্ত করবেন জানান। আপনার মতে প্রতিটি গোষ্ঠী কীভাবে অবদান রাখবে। উদাহরণস্বরূপ, অংশগ্রহণকারী, সম্পাদক, আয়োজক, না অন্য কোন রকমের অনলাইন এবং অফলাইন স্বেচ্ছাসেবক কাজ। আপনি এদের উইকিমিডিয়া প্রকল্পে নতুন পাঠক (ব্যবহারকারী) হিসেবে অন্তর্ভুক্ত করতে চান কিনা, তাও জানান।

অংশগ্রহণের জন্য কোন নির্দিষ্ট মাপকাঠি আছে কিনা জানান। যেমন কিছু কার্যকলাপের জন্য ন্যূনতম উইকিমিডিয়া অভিজ্ঞতা বা কোন নির্দিষ্ট উইকিমিডিয়া প্রকল্পে বিশেষ জ্ঞান বা কোন্রূপ থিমাটিক অভিজ্ঞতা, যেমন সাংস্কৃতিক ঐতিহ্য। এই অংশগ্রহণকারীদের নিয়োগের কৌশল জানান এবং এও জানান এই ধরণের অংশগ্রহণকারীদের সঙ্গে আগে কাজ করবার আপনার অভিজ্ঞতা আছে কিনা।

দয়া করে নতুন অবদানকারীরা যাতে অনলাইন এবং অফলাইনে অংশগ্রহণ চালিয়ে যায়, তা নিশ্চিত করতে আপনার কৌশল জানান।

পরিশেষে, যদি আপনি প্রচারমূলক ক্রিয়াকলাপের পরিকল্পনা করেন তবে দয়া করে আপনার প্রচারমূলক পরিকল্পনাটি বর্ণনা করুন — কৌশল, এবং আপনার প্রকল্প নিয়ে কথা বের হওয়ার চ্যানেল। আমাদের উদাহরণের জন্য, উত্তর এরকম হবে:

- এটি অ্যান্টার্কটিকার রাইজিং সান এলাকার বিভিন্ন সম্প্রদায়ের জন্য একটি খোলা প্রস্তাব। যদিও এটি সবার জন্য উন্মুক্ত, তবুও আমরা বিশেষ করে যুবশক্তি, নারী এবং LGBTI শিল্পী এবং সাংস্কৃতিক নেতা এবং তৃণমূল সংস্থার সঙ্গে কাজ করতে চাইছি।
    - **বিষয়বস্তুতে লিঙ্গ বৈষম্য এবং যৌন অভিমুখিতা:** এটি নারী এবং রূপান্তরিত লিঙ্গের শিল্পীদের শুধুমাত্র কাজ নয়, কর্মশালায় অংশগ্রহণকারী এবং ভবিষ্যতে সম্পাদক হিসেবেও অন্তর্ভুক্ত করতে চায়। প্রস্তাবটি তৃণমূল সাংস্কৃতিক এবং মানবাধিকার সংগঠনগুলিকেও অন্তর্ভুক্ত করতে চায়, যারা এই সম্প্রদায়কে অংশীদার হিসেবে প্রতিনিধিত্ব করে।
    - **ভূগোল:** প্রান্তিক অঞ্চল থেকে সম্পাদক এবং ভবিষ্যৎ আয়োজক রূপে যুবশক্তিকে নেওয়া হবে।
    - **আর্থসামাজিক অবস্থা:** কারণ এটি সম্পাদক এবং ভবিষ্যৎ আয়োজক হিসেবে সেই যুবশক্তিকে অন্তর্ভুক্ত করতে চায় যারা বিভিন্ন আয়ের, বা কর্মহীন এবং যাদের পড়াশুনা খুব বেশি হয়নি।
    - **সাংস্কৃতিক প্রেক্ষাপট:** কারণ এটি প্রান্তিক কালো সম্প্রদায়ের যুবশক্তিকে সম্পাদক এবং ভবিষ্যৎ আয়োজক হিসেবে চায়। প্রস্তাবটি তৃণমূল সাংস্কৃতিক এবং মানবাধিকার সংগঠনগুলিকেও অন্তর্ভুক্ত করতে চায়, যারা এই সম্প্রদায়কে অংশীদার হিসেবে প্রতিনিধিত্ব করে।
    - **বয়স:** অন্যতম প্রধান গোষ্ঠী হিসেবে যুবশক্তিকে চাওয়া হচ্ছে যারা ভবিষ্যতে আয়োজক হবে।
- অংশগ্রহণের জন্য উইকিমিডিয়ায় কোনরকম পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন নেই।
- আমরা স্থানীয় গোষ্ঠীদের সঙ্গে, যেখানে নির্ধারিত শ্রোতারা ইতিমধ্যেই জড়িত, কাজ করে এই অংশগ্রহণকারীদের নিযুক্ত করতে চাই। তা ছাড়াও অংশগ্রহণের মুক্ত আহ্বান থাকবে কার্যকরী স্থানীয় যোগাযোগ ব্যবস্থায় উপরে, যথা পোস্টার, সামাজিক মাধ্যম, স্থানীয় রেডিও স্টেশন, এবং স্থানীয় নেতাদের মাধ্যমে মুখে মুখে প্রচার।
- উইকি অ্যান্টার্কটিকা আগে কখনো এই অংশগ্রহণকারীদের প্রধান নির্ধারিত শ্রোতা হিসেবে নিয়ে কাজ করেনি, যদিও যুব সম্প্রদায় আগে আমাদের প্রকল্পে কাজ করেছে। আমরা আশা রাখি এই অভিজ্ঞতা আমাদের যৌথভাবে শিখতে এবং এই এলাকায় গড়ে উঠতে সাহায্য করবে, যেটা আমাদের আউটরিচ, বৈচিত্র্য, এবং সমতা কৌশলের একটা মুখ্য অংশ।

নতুন অবদানকারীদের নিযুক্ত করার ও ধরে রাখার কৌশল।

- **বিদ্যমান সম্প্রদায়ের সঙ্গে আমাদের কাজ যুক্ত করা:** স্থানীয় সাংস্কৃতিক, শৈল্পিক এবং অ্যাক্টিভিস্ট গোষ্ঠীগুলি (তৃণমূল সংস্থা) স্বেচ্ছাসেবক হিসেবে যুবসমাজকে ইতিমধ্যেই জড়িত করেছে। এই সংস্থাগুলির সঙ্গে কাজ করে এবং এদের লক্ষ্য উইকিমিডিয়ার সঙ্গে এক করে আমরা ওদের সম্প্রদায়ের কাজ থেকে লাভবান হবো। যেমন নিয়মিত মিট-আপ, স্বাচ্ছাসেবক সুবিধা অর্থাৎ স্থানীয় চেনাশোনা ও দৃশ্যমানতা এবং সম্প্রদায় হিসেবে তাঁদের বিদ্যমান পরিচিতি।
- **দৃশ্যমানতা এবং প্রভাব:** আমরা মিট-আপের মাধ্যমে অংশগ্রহণকারীদের তাঁদের কাজের প্রভাব দেখাবো। যেমন কিনা বিশ্বব্যাপী কন্টেন্ট কত দেখা হয়েছে। এইভাবে স্থানীয় শিল্পী এবং অ্যাক্টিভিস্ট গোষ্ঠীগুলি তাঁদের কাজ সম্পর্কে আঞ্চলিক এবং বিশ্বব্যাপী সচেতনতা বৃদ্ধি এবং নথিভুক্ত করায় উইকিমিডিয়ার সম্ভাবনার কথা বুঝতে পারবে।
- **অন্য উইকি সম্প্রদায়ের সঙ্গে যোগাযোগ:** আমরা যুব অংশগ্রহণকারী এবং পৃথিবীর অন্য অঞ্চলের অনুরূপ উইকিমিডিয়া প্রকল্পের শিল্পীদের মধ্যে, যারা Art+Feminism, LGBTI, এবং যুব সম্প্রদায় নিয়ে কাজ করছে, ভাবনার আদান প্রদান উৎসাহিত করব। এতে এবং আন্দোলনের সঙ্গে স্থায়ী ভাবে কাজ করার উৎসাহ বাড়বে। আমরা ভ্রোমসের অন্য উইকিমিডিয়া সম্প্রদায়ের সঙ্গে যোগাযোগের জায়গাও তৈরি করবো।
- **সাম্ভাব্য আয়োজকদের নিযুক্ত করা:** আমরা সাম্ভাব্য শক্তিশালী যুব আয়োজকদের চিহ্নিত করতে চাই যারা নতুন রাইজিং সান সম্প্রদায়কে এক করতে পারবে এবং এই প্রাথমিক কাজের উপর ভিত্তি করে দীর্ঘমেয়াদি পরিকল্পনা তৈরি করতে পারবে। এই পরিকল্পনা অনলাইন এবং অফলাইন বিভিন্ন কার্যকলাপের মাধ্যমে এবং ইমেল, WhatsApp এবং সামাজিক মাধ্যম ব্যবহার করে স্বেচ্ছাসেবকদের সক্রিয় রাখবে, প্রত্যেকের নিজস্ব সময়, আগ্রহ এবং ক্ষমতা অনুযায়ী। এই নতুন আয়োজকরা স্থানীয় অংশীদারি এবং স্থানীয় কার্যকলাপের স্থায়ী আলোচ্যসূচীর মাধ্যমে সম্প্রদায়কে বাড়িয়ে নিয়ে চলবে।

**19.** আপনার প্রস্তাবটি বাস্তবায়িত করবার জন্য আপনার দেশের**,** বা অন্য কোন দেশের**,** কোন উইকিমিডিয়া সম্প্রদায়**,** দল বা শাখার সঙ্গে কাজ করবার কোন পরিকল্পনা আছে কি**?**

হ্যাঁ
না

**20.** দয়া করে আপনার এই অনলাইন ও অফলাইন পরিচিতদের কথা**,** এবং আপনার এই প্রস্তাব কীভাবে উইকিমিডিয়া সম্প্রদায়গুলিকে জানিয়েছেন**,** তা আমাদের বলুন।

দয়া করে যেই উইকি পাতাগুলিতে এই সম্প্রদায়গুলিকে আপনার প্রস্তাবিত কাজ সম্পর্কে অবগত করেছেন, তার লিঙ্কগুলি দিন। অবগত করার উইকি পাতার উদাহরণ - আলোচনাসভা, উইকিমিডিয়া আন্দোলনের সহযোগী বা প্রাসঙ্গিক প্রকল্পের আলোচনা পাতা। অনধিক ১০০০ অক্ষর।

অন্য উইকিমিডিয়া সম্প্রদায়ের (ব্যক্তি, সহযোগী, গোষ্ঠী, ইত্যাদি) সঙ্গে আপনার সম্পর্ক এবং আপনার প্রস্তাবের মাধ্যমে কীভাবে তা জোরদার করার কথা ভাবছেন তা জানতে আমরা আগ্রহী। এগুলি আপনি যেখানে আপনার প্রস্তাব বাস্তবায়িত করতে চান সেখানে হতে পারে, কিংবা অন্য কোন দেশ বা অঞ্চলে।

আপনি আপনার প্রস্তাব সম্পর্কে সম্প্রদায়গুলিকে কী ভাবে অবহিত করেছেন তা জানতে আমরা আগ্রহী। বিশেষ করে আপনি যেই অঞ্চলে কাজ করবেন, সেখানে। দয়া করে উইকিতে বা উইকির বাইরে প্রাসঙ্গিক আলোচনার লিঙ্ক দিন। এইগুলি যেখানে করা স্মভব তার কিছু উদাহরণ হল  আলোচনাসভা, উইকিমিডিয়া আন্দোলনের সহযোগী বা প্রাসঙ্গিক প্রকল্পের আলোচনা পাতা। যেমন এটি। আপনি বাহ্যিক সামাজিক মাধ্যম ব্যবহার করতে চাইলে তার তথ্যও দিতে পারেন। আমাদের উদাহরণ:

আমরা Art+Feminism এর সঙ্গে কাজ করতে আশাবাদী। উইকিনর্থপোলের সঙ্গেও একত্রে কাজ করতে উৎসাহী কারণ তাঁরা অনুরূপ প্রকল্প করেছে। একত্রে আমরা প্রশিক্ষন সামগ্রী এবং সেরা অনুশীলনরীতি ভাগ করে নেব।

আমরা এই প্রস্তাবটি উইকিঅ্যান্টার্কটিকা নামে পেশ করছি। আমরা এটি আমাদের আলাপ পাতায় লিখেছি এখানে লিঙ্ক দিন

আমরা Art+Feminism ইউজার গ্রুপের আলাপ পাতায় লিখেছি: এখানে লিঙ্ক দিন
এইগুলি আমাদের সামাজিক মাধ্যমের অ্যাকাউন্ট যেখানে আমরা প্রস্তাবের সব তথ্য প্রকাশ করেছি এবং অংশগ্রহণকারীদের বক্তব্য রাখতে আমন্ত্রণ জানিয়েছি: ইন্সটাগ্রাম: এখানে লিঙ্ক দিন, টুইটার: এখানে লিঙ্ক দিন, ফেসবুক: copy link to post, টিকটক: এখানে লিঙ্ক দিন।

**21.** আপনি কি এই প্রস্তাবটি কার্যকরি করার জন্য অন্য বাহ্যিক**,** উইকিমিডিয়ান নন**,** এমন সহকর্মীর সঙ্গে কাজ করবেন**?**

আপনি বাহ্যিক, উইকিমিডিয়ান নন, এমন সহকর্মীর সঙ্গে কাজ করবেন কিনা জানান। উদাহরণস্বরূপ, তৃণমূল সংস্থা, এনজিও, আঞ্চলিক অথবা জাতীয় সরকার, আন্তর্জাতিক সংস্থা, ব্যাবসা, গ্যালারি, যাদুঘর, অথবা সাংস্কৃতিক প্রতিষ্ঠান, ইত্যাদি. উইকিমিডিয়ার অধিভুক্ত শাখাগুলি (চ্যাপ্টার, থিম্যাটিক অর্গানাইজেশন অথবা ইউজার গ্রুপ) এর মধ্যে পড়বে না।

হ্যাঁ
না

**21a.** হ্যাঁ হলে**,** দয়া করে এই সহকর্মীদের সঙ্গে আপনার কাজ-সম্পর্কিত সম্পর্ক বর্ণনা করুন।

এই সহকর্মীদের কাছ থেকে কোনরূপ সাহায্য পেলে তা উল্ল্যেখ করুন (জিনিসপত্র, অনুদান, দান, পারিশ্রমিক). অনধিক ১০০০ অক্ষর

অন্যান্য উইকিমিডিয়ান নন আপনার এরকম সহযোগীদের সম্পর্কে জানতে আমরা আগ্রহী। তাঁরা কীভাবে দরকারি এবং কীভাবে আপনার কাজ গড়ে তুলতে সাহায্য করবে তাও জানান। দয়া করে আপনি যেই সংস্থাগুলির সঙ্গে কাজ করবেন, তাঁদের বিবরণ ও অংশিদারীর ধরণ, এবং তাঁদের কাছ থেকে কোনরকম সাহায্য পাবেন কিনা জানান। এগুলি অনুদান অথবা দান, প্রশিক্ষণ, জায়গা বা পরিকাঠামো ইত্যাদি হতে পারে।

আমাদের উদাহরণের জন্য:

আমরা স্থানীয় গোষ্ঠী, যেমন শিল্পীদের গোষ্ঠী, লেখার গোষ্ঠী, এবং ফটোগ্রাফি গোষ্ঠীর সাথে কাজ করব। এগুলি আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক তৃণমূল সংগঠন যাদের রাইজিং সান অঞ্চলে কমিউনিটি গড়ে তোলার দীর্ঘ ঐতিহ্য আছে। এই গোষ্ঠীগুলি কাজ করার জন্য কিছু সরঞ্জাম এবং জায়গা সরবরাহ করবে। এই গোষ্ঠীগুলি কাজ করার জন্য কিছু সরঞ্জাম এবং জায়গা সরবরাহ করবে। পাশাপাশি তাদের বিদ্যমান যোগাযোগ চ্যানেল এবং সমষ্টিগত ক্ষমতা ব্যবহার করে এই সম্প্রদায়গুলির বিদ্যমান অংশগ্রহণকারীদের প্রস্তাবের ক্রিয়াকলাপগুলির সাথে যুক্ত করতে সহায়তা করবে। প্রস্তাবটি গোষ্ঠীগুলির কার্যক্রম বিস্তৃত করে, উইকিপিডিয়া সাইটগুলির মাধ্যমে তাদের কাজটিকে আরও বেশি দৃশ্যমান করে এবং এনজিও, শিক্ষা ব্যবস্থার এবং স্থানীয় সরকারের সাথে ভবিষ্যতে অংশীদারিত্বের মাধ্যমে তাদের সাহায্য করার লক্ষ্য রাখে।

## 22. অনুদান পরবর্তী সময়ে প্রস্তাবিত কাজ কীভাবে **বিস্তৃত** করবেন বা বজায় রাখবেন?

প্রভাব বিস্তার ও কাজ চালিয়ে যাওয়া প্রযোজ্য হলে, তা সম্পর্কে আপনার প্রস্তাব বর্ণ্না করুন। ***(ঐচ্ছিক)*** অনধিক ১৫০০ অক্ষর

এই উত্তরটি ঐচ্ছিক। আপনি ভবিষ্যতে কীভাবে আপনার কাজ চালিয়ে যেতে চান এবং তা বাড়াতে চান, সে সম্পর্কে আগে বলে না থাকলে, এখানে জানাতে পারেন। এটি কীভাবে আপনার কৌশলগত পরিকল্পনা অথবা একাধিক বছরব্যাপী অনুদানের সঙ্গে সম্পৃক্ত তাও বিশদে এখানে জানাতে পারেন।

## 23. এই প্রস্তাবটি বাস্তবায়িত করবার জন্য প্রয়োজনীয় লোকবল কি আপনার আছে?

দয়া করে তাঁদের তালিকা এবং ভূমিকা তৈরি করুন। কারুর উইকিমিডিয়া ব্যবহারকারী নাম থাকলে দয়া করে সেগুলি জানান। সর্বাধিক তিনজনকে বাছুন। অনধিক ২৫০০ অক্ষর

দয়া করে আপনার দলের সবার নাম এবং তাদের ভূমিকা এবং দায়িত্বগুলি তালিকাভুক্ত করুন। তারা পারিশ্রমিক পাবে কিনা, কর্মচারী না স্বেচ্ছাসেবক তাও জানান। আপনার দলের মধ্যে প্রাসঙ্গিক দক্ষতা এবং অভিজ্ঞতার বর্ণনা করুন এবং প্রস্তাবটি বাস্তবায়িত হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলি শনাক্ত করুন। যতটা সম্ভব বিস্তারিতভাবে জানান। সমন্বয়কারী, প্রশিক্ষক, বিচারক[1] (বিশেষত যদি আপনি প্রতিযোগিতা চালান), যোগাযোগ, প্রশাসক, ইত্যাদি সহ সমস্ত ভূমিকা অন্তর্ভুক্ত করুন। আপনি যদি আগে এটি না করে থাকেন তবে দয়া করে প্রতিটি সদস্যের জন্য ব্যবহারকারীর নাম প্রদান করুন। আমাদের উদাহরণের জন্য:

[1] বিচারক, এবং প্রতিযোগিতার অন্যান্য নেতারা পুরস্কার প্রাপ্তির জন্য অযোগ্য। অনুদানপ্রাপক, যারা বিচারক হিসাবে কাজ করছেন, তারা তহবিলের মাধ্যমে উপহার গ্রহণ করতে পারেন না।

নাম: Ana Lia
ভূমিকা: প্রজেক্ট কো-অর্ডিনেটর (বেতনভূক কর্মী)
ব্যবহারকারী নাম: alia
দায়িত্ব: সব প্রকল্পের কার্যক্রম, কর্মী, এবং স্বেচ্ছাসেবকদের সাধারণ ব্যবস্থাপনা ও সমন্বয়। তহবিল পরিচালনা এবং আর্থিক প্রতিবেদন তৈরী করা। অংশগ্রহণমূলক পদ্ধতি ব্যবহার করে প্রকল্পের পর্যবেক্ষণ এবং মূল্যায়ন স্থাপন। অংশগ্রহণকারীদের সহযোগিতায় চূড়ান্ত প্রতিবেদন লেখা।

নাম: Jorge Diaz
ভূমিকা: উইকিপিডিয়া প্রশিক্ষক (সেচ্ছাসেবক)
ব্যবহারকারী নাম: jdiazx
দায়িত্ব: যুব স্বেচ্ছাসেবকদের উইকিপিডিয়া সম্পাদনা করার প্রশিক্ষণ দেওয়া।

নাম: Edmundo Flores
ভূমিকা: উইকিমিডিয়া কমন্স প্রশিক্ষক এবং আলোকচিত্রী (সেচ্ছাসেবক)
ব্যবহারকারী নাম: EdmundoFlores
দায়িত্ব: স্বেচ্ছাসেবকদের ফটোওয়াকের সময় বিভিন্ন শিল্পকলা এবং জায়গার ছবি তোলা এবং তা উইকিমিডিয়া কমন্সে আপলোড করার প্রশিক্ষণ দেওয়া।

নাম: Anastasia Jiménez
ভূমিকা: Event promotion, communications (সেচ্ছাসেবক)
ব্যবহারকারী নাম:AnJim
দায়িত্ব: বিভিন্ন সামাজিক মিডিয়াতে প্রস্তাবিত ইভেন্টগুলি প্রচার করা, নতুন এবং অভিজ্ঞ সম্পাদক নিয়োগ, ইভেন্ট অংশগ্রহণকারীদের সাথে যোগাযোগ বজায় রাখা।

**24.**আপনার প্রস্তাব উইকিমিডিয়ার মুভমেন্ট স্ট্র্যাটেজি ২০৩০/আন্দোলন কৌশল ২০৩০-এর সুপারিশগুলির প্রেক্ষিতে কীভাবে অবদান রাখবে বলে আপনি মন করেন**?**

সর্বোচ্চ তিনটি সর্বাধিক প্রযোজ্য বিকল্প বাছুন।

এখানে সুপারিশের একটি সারাংশ আছে। আন্দোলন কৌশল সম্পর্কে প্রথমে আরও পড়তে চাইলে এই লিঙ্কে ক্লিক করুন।

- আমাদের আন্দোলনের স্থায়িত্ব বাড়াবে: নতুন বা দীর্ঘকালীন অবদানকারীদের চাহিদাগুলি সমর্থন ও তাতে বিনিয়োগ করা। এর মধ্যে অবদানের বিভিন্ন রূপকে স্বীকৃতি দেওয়া এবং সমর্থন করা জড়িত, যথা কিউরেটিং, সম্পাদনা এবং অবদান থেকে উল্লেখযোগ্য অবদান যেমন জননীতি এবং অ্যাডভোকেসি, ক্ষমতা তৈরী, আউটরীচ, গবেষণা, আয়োজন এবং তহবিল সংগ্রহ। স্থানীয় গোষ্ঠী এবং উদীয়মান সম্প্রদায় এবং সংস্থাগুলিকে তহবিল সংগ্রহ এবং অংশীদারিত্ব গড়ে তোলার চলতি এবং নতুন উপায়গুলির সুযোগ তোলার জন্য ক্ষমতায়ন এবং সমর্থন করুন।
- ব্যবহারকারীদের অভিজ্ঞতা উন্নত করবে: ক্রমাগত আমাদের প্ল্যাটফর্মগুলির নকশা উন্নত করা যাতে তা সবাই - লিঙ্গ, সংস্কৃতি, বয়স, প্রযুক্তিগত পটভূমি বা দক্ষতা, বা শারীরিক ক্ষমতা নির্বিশেষে - উইকিমিডিয়া ইকোসিস্টেম জুড়ে জ্ঞান অবদান করা এবং ব্যবহারের সময় একটি ইতিবাচক অভিজ্ঞতা উপভোগ করতে পারেন। এটি ডেভেলপার, ডিজাইনার এবং সম্প্রদায়গুলির মধ্যে একটি ভাগ করা দায়িত্ব এবং এটির জন্য উইকিমিডিয়া ইকোসিস্টেম জুড়ে যৌথ কর্মের প্রয়োজন।
- নিরাপত্তা ও অন্তর্ভুক্তি প্রদান করবে: একটি অন্তর্ভুক্তিকর, বন্ধুত্বপূর্ণ, নিরাপদ, এবং হয়রানি-মুক্ত পরিবেশের প্রচার।
- সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সমদর্শিতা নিশ্চিত করবে: জবাবদিহিতা এবং দায়িত্ব ভাগ করে নেওয়ার পাশাপাশি সিদ্ধান্ত গ্রহণ এবং সম্পদ বরাদ্দে অংশগ্রহণের জন্য সমান সুযোগ নিশ্চিত করা।
- অংশীদারদের মধ্যে সমন্বয় স্থাপন করবে: তথ্য বিনিময়, শিক্ষা, জ্ঞান স্থানান্তর, এবং বিভিন্ন অংশিদার, যারা আমাদের লক্ষ্য সমর্থন করে, তাঁদের সাথে পরিচয়ের সুযোগ।
- দক্ষতা ও নেতৃত্ব তৈরিতে বিনিয়োগ করবে: আন্দোলনের স্বাস্থ্য ও বৃদ্ধির জন্য প্রযুক্তিগত ও মানুষের দক্ষতা বিকাশের জন্য বিনিয়োগ। অন-উইকি অংশগ্রহণের বিভিন্ন ধরণ থেকে এই ক্রিয়াকলাপগুলির মধ্যে বিভিন্ন দক্ষতা রয়েছে, কমিউনিটি আউটরিচ, স্বেচ্ছাসেবক ব্যবস্থাপনা এবং স্বীকৃতি, এডভোকেসি এবং জননীতি, দ্বন্দ্ব সমাধান, অংশীদারিত্বের উন্নয়ন, তহবিল সংগ্রহ, সাংগঠনিক উন্নয়ন, প্রকল্প ব্যবস্থাপনা, এবং যোগাযোগ, ইত্যাদি।
- অভ্যন্তরীণ জ্ঞান পরিচালনা করবে: শেখা এবং বৃদ্ধিকে সহজতর করার জন্য সমস্ত অবদানকারীদের দ্বারা অভ্যন্তরীণ জ্ঞানকে সহজে আয়ত্ব করা, আবিষ্কার করা, গ্রহণ করা এবং মানিয়ে নেওয়া।
- প্রভাবিত করার বিষয়গুলি চিহ্নিত করবে: ঐতিহাসিকভাবে ক্ষমতা এবং বিশেষ অধিকারের কাঠামো দ্বারা বাদ দেওয়া হয়েছে এমন সামগ্রীতে অধিকার বিকাশ এবং বৃদ্ধি করুন। এর পাশাপাশি, অন্যান্য জিনিষ যা উচ্চ প্রভাব ফেলতে পারে –

উদাহরণস্বরূপ, মানবতা এবং তার ভবিষ্যত সম্পর্কিত প্রধান বিষয়গুলির উপর কন্টেন্ট, যেমন জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা।

- মুক্ত জ্ঞানের ক্ষেত্রে উদ্ভাবন করবে: উইকিমিডিয়া আন্দোলনের লক্ষ্য বা মানুষের জ্ঞানের সমষ্টিতে অধিকার দেওয়ার জন্য অন্বেষণ এবং পরীক্ষা-নিরীক্ষা করুন। এতে অন্তর্ভুক্ত হতে পারে জ্ঞানে সমতা আনার উদ্দেশ্যে নতুন উপায় এবং টুল পরীক্ষা, অবদানের বৈচিত্র বাড়ানো, অন্যান্য মুক্ত জ্ঞানের প্রকল্পের সঙ্গে নতুন অংশীদারীত্বের সন্ধান ইত্যাদি উইকিমিডিয়া আন্দোলনের লক্ষ্যে অবদান রাখবে।
- মূল্যায়ন, পুনরাবৃত্তি এবং অভিযোজন: অংশগ্রহণমূলক নীতি এবং প্রক্রিয়ার উপর ভিত্তি করে আমাদের ক্রিয়াকলাপ থেকে মূল্যায়ন, নিরীক্ষণ, বিশ্লেষণ করুন এবং শিখুন। ফলাফল ব্যাপকভাবে এবং স্পষ্টভাবে জানানো হবে।
- জানি না: এই বিকল্পটি নির্বাচন করুন যদি আন্দোলন কৌশলের সীমিত জ্ঞানের ফলে আপনি নিশ্চিত না হন যে এই প্রস্তাবটি কীভাবে অবদান রাখে।
- উপরের কোনটিই নয়: যদি আপনার প্রস্তাবটি এই ক্ষেত্রগুলির কোনওটিতে অবদান রাখার জন্য নির্দেশিত না হয় তবে এই বিকল্পটি নির্বাচন করুন।

আমাদের উদাহরণের জন্য এটি হতে পারে:

- দক্ষতা ও নেতৃত্ব তৈরিতে বিনিয়োগ করবে
- মুক্ত জ্ঞানের ক্ষেত্রে উদ্ভাবন করবে

## **25.** দয়া করে জানান আপনার সংস্থা বা দলের কোন কৌশলগত পরিকল্পনা আছে কিনা, যা আপনার প্রস্তাবটি বুঝতে আমাদের আরও বেশি সাহায্য করবে।

আপনি যদি আপনার কৌশলগত পরিকল্পনা ভাগ করে নিতে চান, তাহলে তা আপনার কাজ এবং ভবিষ্যতের দৃষ্টিকোণ সম্পর্কে আরো জানতে সাহায্য করবে। আপনি চূড়ান্ত সংস্করণ বা কাজ চলছে এমন সংস্করণ ভাগ করে নিতে পাড়েন। তার জন্য আপনি আপলোড বোতামটি ব্যবহার করতে পারেন।

হ্যাঁ, আপনার কাছে আছে কিন্তু আপনি আপলোড করতে চান না।
না
কৌশলগত পরিকল্পনা আপলোড করুন হ্যাঁ,এবং আপনি তা আপলোড করতে চান।

## শেখা, ভাগ করে নেওয়া, এবং মূল্যায়ন

আমরা বিশ্বাস করি, আমাদের অনুদান প্রকল্পগুলি দলগতভাবে মূল্যায়ন করা এবং তার থেকে শেখা খুবই জরুরি। আপনি কী শিখতে চান এবং কীভাবে নিজের কাজের মূল্যায়ন করবেন, দয়া করে সে সম্বন্ধে কিছু ধারণা দিন। আপনি যেই পরিমাপগুলি আপনি যা করতে চাইছেন, তাকে সবথেকে ভালোভাবে বর্ণনা করছে সেইগুলি পছন্দ করতে পারেন। অথবা নতুন কিছুর জন্যও প্রস্তাব রাখতে পারেন। সহজ সংজ্ঞা এবং উদাহরণের জন্য আমাদের নির্দেশিকা ব্যবহার করুন। কোনো সাহায্য লাগলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

আমরা উইকিমিডিয়া আন্দোলনে ব্যবহৃত সাধারণ পরিমাপগুলির তালিকা অনুসারে প্রস্তাবিত পরিমাপগুলির একটি তালিকা সরবরাহ করেছি। পরবর্তী প্রশ্নগুলিতে, যদি আপনার কাজের জন্য গুরুত্বপূর্ণ এমন কিছু পরিমাণগত বা গুণগত পরিমাপ থাকে যা অন্তর্ভুক্ত করা হয়নি, তবে সেগুলি জানাতে পারেন।

গুণগত এবং পরিমাণগত পরিমাপগুলি সম্পর্কে চিন্তা করার সময়, আপনি যে ডেটা সংগ্রহ করতে চান তা নিয়ে ভাবুন, যেগুলি আপনি যা শিখতে ইচ্ছুক তা শিখতে সাহায্য করবে এবং আপনার উদ্দেশ্য এবং লক্ষে কতটা পৌঁছতে পারলেন তা মাপবে। এই তথ্য সংগ্রহের জন্য কত সময়, সম্পদ এবং টুল লাগছে তা বিবেচনা করা খুবই গুরুত্বপূর্ণ। পরিমাপ এবং মাপার টুল প্রতিষ্ঠার জন্য উপদেশ এবং শেখা ও মূল্যায় সম্পর্কে চিন্তা করার জন্য এই সংক্ষিপ্ত টিউটোরিয়ালটি দেখুন। আপনার কৌশল সম্পর্কে চিন্তা করার ব্যাপারে সাহায্যের জন্য আমাদের শেখার এবং মূল্যায়নের অফিসের ঘন্টাগুলির জন্য সাইন আপ করতে পারেন।

পরিমাণগত পরিমাপ**:** এগুলি পরিমাণ মাপে। সাধারণত সংখ্যা, শতাংশ ইত্যাদিতে মাপা হয়। এই পরিমাপগুলির লক্ষ্য সাধারণত থাকে এমন তথ্য সংগ্রহ করবার যা বস্তুগত ভাবে মাপা সম্ভব এবং ভালো সংখ্যক প্রতিনিধিত্ব রেখে (সব তথ্য অথবা পরিসংখ্যানগত প্রতিনিধিমূলক নমুনা). উদাহরণ**:** একটি প্রকল্পের ফলে নতুন অংশগ্রহণকারীদের সংখ্যা।

গুণগত পরিমাপ**:** এগুলি বিষয়মূলক জিনিষ মাপার জন্য। যেমন মানুষজনের ব্যবহার, মনোভাব বা বিচারক্ষমতা, অথবা একটি বিষয় নিয়ে ধারণা। এগুলি কিছু সংখ্যাসূচক ফলাফল ভালো করে বুঝতে এবং আরো গভীরভাবে কাজ, ফলাফল এবং প্রভাবিত করতে পারে এমন প্রাসঙ্গিক কারণগুলির মধ্যে সম্পর্ক বুঝতেও ব্যবহৃত হয়। উদাহরণ**:** উইকিমিডিয়ার বন্ধুত্বপূর্ণ পরিবেশ সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা এবং অংশগ্রহণ চালিয়ে যাওয়ার ইচ্ছা।

গুরুত্বপূর্ণ তথ্য**:** আপনার যদি অন্যান্য মূল্যায়ন করার কাঠামো থাকে তবে আপনি আপনার লক্ষ্য এবং সূচক বর্ণনা করার জন্য এগুলি ব্যবহার করতে পারেন (উদাহরণস্বরূপ একটি লজিক্যাল ফ্রেমওয়ার্ক যা আউটপুট, ফলাফল, এবং প্রাসঙ্গিক সূচকগুলির নিরিখে জিনিসগুলি সংগঠিত করে) দয়া করে প্রাসঙ্গিক নথি আপলোড করে বা উপলব্ধ জায়গায় এগুলি শেয়ার করুন।

### **26.** এই অনুদান প্রস্তাবে আপনার কাজ থেকে আপনি কী শিখবেন বলে আশা রাখেন**?**

অনধিক ১৫০০ অক্ষর

এই অভিজ্ঞতা থেকে শিখতে চাওয়া মূল বিষয়গুলির বর্ণনা দিন, যেগুলি আপনাকে এই কাজের ফলাফলগুলির মূল্যায়ন করতে সাহায্য করবে এবং সঠিক সমন্বয়ে ভবিষ্যতে কাজটি আরও বিস্তৃত করতে সাহায্য করবে। আপনি যতটা বিস্তারিতভাবে চান, এটির বর্ণনা দিতে পারেন। এখানে এই প্রশ্নটি তিনভাবে ভাবার উদাহরণ দেওয়া আছে:

- আপনি এটি, এই প্রস্তাবের মাধ্যমে যা অর্জন করতে চাইছেন, তা অর্জন করেছেন কিনা, তা জানবার জন্য নিজেকে করতে চান এমন প্রশ্ন হিসেবেও বর্ণনা করতে পারেন।
- আপনার মূল্যায়ন পরিকল্পনা কী তা বিস্তারিতভাবে বলতে পারেন।
- আপনার কাছে জরুরী একটি প্রধান জিনিষের আপনি বর্ণনা দিতে পারেন। এটি আপনার কাজের লক্ষের উপর এবং আপনি নতুন পন্থা বা সমস্যা নিয়ে পরীক্ষা করছেন কিনা, তার উপর নির্ভর করবে। আপনি পুরনো অনুদানের অভিজ্ঞতা থেকে কী শিখেছেন তাও বলতে পারেন।

আমাদের উদাহরণের জন্য কিছু শিক্ষণীয় প্রশ্ন এমন হতে পারে:

- কী অংশগ্রহণকারীদের আরো নিযুক্ত এবং অংশগ্রহণ করতে আরো ইচ্ছুক করে তোলে? বিশেষ করে শিল্প এবং সাংস্কৃতিক গোষ্ঠীর সঙ্গে যুক্ত এবং নারীবাদী ও LGBTI+ সমস্যায় আগ্রহী প্রান্তিক এলাকার যুবশক্তিকে কীভাবে ভবিষ্যতে নিযুক্ত রাখা যায়?
- প্রতিটি উইকিমিডিয়া প্রকল্পে এই বিষয়গুলির উপর সামগ্রী তৈরি করার জন্য কোন ক্রিয়াকলাপগুলি অধিক কার্যকর হবে?
- ভবিষ্যতের ক্রিয়াকলাপের সংগঠক হিসেবে যুব স্বেচ্ছাসেবকদের উন্নয়নের জন্য প্রয়োজনীয় দক্ষতা তৈরি করতে সহায়তা করে এমন কৌশলগুলি কী?

## 27. মূল পরিমাপ

এই মূল পরিমাপ আপনার কাজের বিস্তারিত বিবরণ না দিলেও, কিছু আন্দোলন-বিস্তৃত পরিবর্তন মাপার জন্য এটি জরুরি। মূল পরিমাপ ব্যবহার করে আপনি কী অর্জন করতে চাইছেন এবং আপনার লক্ষ্য কী, যতদূর সম্ভব সংখ্যায়, বর্ণনা করুন।

বিষয়বস্তুর অবদানের ক্ষেত্রে দয়া করে উইকিমিডিয়া প্রকল্প অনুযায়ী ভাগ করুন। যদি পরিমাপগুলি নিশ্চিতভাবে আপনার প্রস্তাবের ক্ষেত্রে প্রাসঙ্গিক না হয় দয়া করে তার ব্যাখ্যা প্রদান করুন।


দয়া করে এই সংজ্ঞাগুলি সূত্র হিসেবে ব্যবহার করুন।
পরিভাষার শব্দকোষ:

- অবদানকারী**:** উইকিমিডিয়া আন্দোলনে সরাসরি ইতিবাচক চিহ্ন ছেড়ে দেয় এমন যে কেউ। যদিও অবদানকারী বলতে অনেককে বোঝানো সম্ভব, আমরা পরামর্শ দেব আপনার প্রস্তাবে এই বিভাগগুলি ব্যবহার করতে।
  - অংশগ্রহণকারী**:** ব্যক্তিবিশেষ, যাঁরা প্রস্তাবটির কার্যক্রমের থেকে সুবিধাপ্রাপ্ত অথবা যাঁরা এতে সামিল হয়েছেন, সশরীরে(অফলাইন) বা ভার্চুয়ালি (অনলাইন)। এঁরা বিভিন্ন উপায়ে অংশগ্রহণ করতে পারেন। কেবলমাত্র উইকিমিডিয়া প্রকল্প সম্পাদনা যাঁরা করেন, তাঁরাই অন্তর্ভুক্ত, তা নয়। সামাজিক মাধ্যমের অনুগামী, দাতা অথবা অন্যান্য যাঁরা সরাসরি সামিল হননি, তাঁরা এর আওতাভুক্ত নন। সম্ভব হলে এবং আপনার কাজে প্রাসঙ্গিক হলে আমরা পৃথকভাবে এগুলিকে লিখতে উৎসাহ দেব, যেমনঃ
    - নতুন অংশগ্রহণকারী**:** উইকিমিডিয়া ইভেন্টে প্রথমবার অংশগ্রহণ করছেন এমন ব্যক্তি।
    - পুরনো অংশগ্রহণকারী**:** এমন ব্যক্তি যিনি আগে উইকিমিডিয়ার অন্য কোন কার্যক্রমে অংশগ্রহণ করেছেন।
  - সম্পাদক: ব্যক্তিবিশেষ যাঁরা অনুদান কার্যক্রমের ফলস্বরূপ উইকিমিডিয়া প্রকল্পে সম্পাদনা করে বিষয়বস্তু যোগ বা উন্নত করেন।). সম্ভব হলে এবং আপনার কাজে প্রাসঙ্গিক হলে আমরা পৃথকভাবে এগুলিকে এইভাবে লিখতে উৎসাহ দেব:
    - নতুন নিবন্ধিত ব্যবহারকারী **(**নতুন সম্পাদক**):** প্রস্তাবের কার্যক্রমের অংশ হিসেবে যাঁরা উইকিমিডিয়া প্রকল্পে নতুন অ্যাকাউন্ট খুলেছেন সেইসব অংশগ্রহণকারীদের সংখ্যা।
    - পুরনো সম্পাদক**:** যাঁরা প্রকল্পটির কার্যক্রম শুরু হওয়ার আগে থেকেই নিবন্ধিত কিন্তু প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত কার্যক্রমের সম্পাদনার সঙ্গে যুক্ত।
  - আয়োজক**:** ব্যক্তিবিশেষ যারা দরকারি সময়, সাহায্য, এবং জ্ঞানের দ্বারা কার্যক্রম বাস্তবায়িত করেন, যথা পরিকল্পনাকারী, সমন্বয়কারী, প্রশিক্ষক, শিক্ষক, প্রসার সংযোগস্থাপনকারী, উপদেষ্টা, সুবিধাদাতা, প্রচার নেতা, বক্তা প্রমুখ। আয়োজকগণ সেচ্ছাসেবী অথবা বেতনভুক্ত কর্মী হতে পারেন। আন্দোলনের অন্তর্ভুক্ত সংগঠকদের ভূমিকা এবং প্রতিকুলতাকে বুঝবার জন্য আন্দোলন আয়োজক সংক্রান্ত এই নথিটি পড়ে দেখতে আমরা পরামর্শ দিই।
- উইকিমিডিয়া প্রকল্প প্রতি তৈরি করা নতুন বিষয়বস্তুর সংখ্যা: নতুন বা উন্নীত বিষয়বস্তু। এই পরিমাপটির সংজ্ঞা - “কন্টেন্ট পাতা” এমন একটি পাতা যা প্রধান নেমস্পেসে আছে (namespace 0)। কালী উইকিমিডিয়া কমন্সের ক্ষেত্রে এটি ফাইল নেমস্পেসে থাকবে (namespace 6). উদাহরণ: চারটি উইকিপিডিয়া নিবন্ধ তৈরি, ১২টি উইকিপিডিয়া নিবন্ধ উন্নত করা, কমন্সে ৪ টি ছবি আপলোড করা, ১৮টি উইকিউপাত্ত আইটেমে প্রপার্টি যোগ করা। দয়া করে প্রকল্প প্রতি কন্টেন্টের রেফারেন্সের জন্য নিচের টেবিল 1 দেখুন।
- ধরে রাখা**:** ব্যাপকভাবে বিস্তৃত অনুদানী ক্রিয়াকলাপ এবং স্বেচ্ছাসেবী চক্রের কারণে এটি সংজ্ঞায়িত করার জন্য একটি জটিল শব্দ। স্বেচ্ছাসেবকরা সক্রিয়ভাবে প্রতি বছর, উদাহরণস্বরূপ ক্যাম্পেনে, ফিরে আসতে পারে বা কোন কোন মাসে সক্রিয় থাকতে পারে। এছাড়াও, অনেক অনুদানকারীদের জন্য এটির খেয়াল রাখা কষ্টকর কারণ তাদের ক্রিয়াকলাপগুলি অনলাইন সম্পাদনা করা নয়। বরং কিন্তু সামাজিক প্রচার মাধ্যমে তথ্য ভাগ করে নেওয়া, সম্ভাব্য অংশীদারদের কাছে আউটরিচ কৌশলগুলি পৌছে দেওয়া, স্থানীয় সম্প্রদায়ের মাধ্যমে উইকিমিডিয়া সম্পর্কে সচেতনতা তৈরি করা, ইত্যাদি যা

কিনা মাপা কঠিন। তবে, সম্প্রদায়ের বৃদ্ধি এবং স্থায়িত্বের জন্য কার্যকলাপে ক্রমাগত অংশগ্রহণ করা এবং তা ধরে রাখার বিষয়ে চিন্তা করা গুরুত্বপূর্ণ। আমরা সুপারিশ করবো অনুদানকারী অংশীদারদের কীভাবে অবদানকারীদের ধরে রাখা মাপা ও সংজ্ঞায়িত করা যায় তার উপায় নিয়ে ভাবতে। এখানে কিছু উদাহরণ আছে:

- ➔ স্বেচ্ছাসেবক সংগঠক যে প্রতি মাসে অন্তত একটি অনলাইন বা অফলাইন কার্যকলাপে সক্রিয় ছিল
- ➔ স্বেচ্ছাসেবক আয়োজক যারা পূর্ববর্তী বছরগুলিতে সক্রিয় ছিল এবং ফিরে আসছে
- ➔ সম্পাদক ধরে রাখা: যারা তাদের প্রথম 30 দিনের মধ্যে অন্তত একটি সম্পাদনা করেছে, অনুপাতে যারা তাদের দ্বিতীয় 30 দিনের মধ্যেও সম্পাদিনা করেছে। এটি একটি উইকিমিডিয়া ফাউন্ডেশন সংজ্ঞা যা আপনার কাজের সাথে প্রাসঙ্গিক হলে ব্যবহার করতে পাড়েন এবং মাপতে পারেন।

আমাদের উইকিমিডিয়া অ্যান্টার্কটিকা উদাহরণের জন্য:



a. # participants

Metric Description: The number of participants in all activities: 50 particularly female and LGBTI+ artists from the Rising Sun Community.
Of these, our target is that 40 will be new participants.

Target: 50

b. # of editors


Metric Description: The number of editors in all activities: 30 particularly female and LGBTI+ artists from the Rising Sun Community.
Of these, our target is that 20 will be new editors.

Target: 30

c. # of organizers

Metric Description: The number of organizers in all activities: 8
Of these, our target is that 3 will be new organizers that will help plan new edit-a-thons, mentor new editors and organize other offline meetups. 5 will be existing Wikimedia Antarctica volunteer organizers.

Target: 8



d. # of new content contributions per Wikimedia project

Project Name: Wikipedia

Metric Description: 50 new articles created for Antarctica Wikipedia.

Target: 50

▼ Open to enter additional core metrics

Project Name (2): Wikimedia Commons

Metric Description (2): 50 images uploaded to Wikimedia commons

Target (2): 50

টেবিল **1:** উইকিমিডিয়া প্রকল্প অনুযায়ী বিষয়বস্তুর ধরণের নির্দেশিকা

| # উইকিমিডিয়া প্রকল্প অনুযায়ী বিষয়বস্তুর ধরণ | |
|---|---|
| উইকিপিডিয়া → বিশ্বকোষ | নিবন্ধ: নিবন্ধ **(pagespace name=0 and database_group = 'wikipedia')** সৃষ্টি বা মানোন্নয়ন |
| উইকিঅভিধান → অভিধান এবং সমার্থকোষ | নতুন শব্দ যোগ অথবা উন্নত করা |
| উইকিমিডিয়া কমন্স → মিডিয়া সংগ্রহস্থল | ফাইল আপলোড |
| উইকিসংবাদ → সংবাদ | নিবন্ধ সৃষ্টি বা মানোন্নয়ন |
| উইকিউক্তি → উক্তির সংগ্রহ | নতুন পাতা সৃষ্টি বা মানোন্নয়ন |
| উইকিউপাত্ত → জ্ঞানের ডেটাবেস | নতুন আইটেম সৃষ্টি বা মানোন্নয়ন |
| উইকিভ্রমণ → ভ্রমণ নির্দেশিকা | নিবন্ধ সৃষ্টি বা মানোন্নয়ন |
| উইকিসংকলন → গ্রন্থাগার | নতুন পাতা/বই সৃষ্টি বা মানোন্নয়ন |
| উইকিপ্রজাতি → প্রজাতির পঞ্জি | নতুন পাতা সৃষ্টি বা মানোন্নয়ন |
| উইকিবিশ্ববিদ্যালয় → শেখার নথি | নতুন পাতা সৃষ্টি বা মানোন্নয়ন |
| উইকিবই → পড়াশুনার বইয়ের সম্ভার | বইয়ের প্রুফ সংশোধন, পর্যালোচনা, প্রকাশ, মানোন্নয়ন করা |
| ইনকিউবেটর → নতুন ভাষার সংস্করণ যা তৈরী হচ্ছে | বিষয়বস্তু সৃষ্টি বা মানোন্নয়ন<br><br>ইনিকিউবেটরে প্রকল্পের ধরণের উপর নির্ভর করে - উপরের যে কোন একটি |

গুরুত্বপূর্ণ তথ্য: প্রতিটি মূল পরিমাপের জন্য বিদ্যমান টুলের তালিকা এবং সংক্ষিপ্ত সংজ্ঞা দেওয়া আছে। এগুলি অনুদানপ্রাপকদের দ্বারা ব্যবহৃত ও উন্নিত। যদিও এগুলি সবক্ষেত্রে মানানসই নয় এবং সব কাজ করা সম্ভব না কারণ এগুলির কিছু সীমাবদ্ধতা আছে। উইকিমিডিয়া ফাউন্ডেশন অনুদানকারীদের কাজটি সহজতর করার জন্য আরও ভাল এবং আরো সামগ্রিক টুল তৈরি করার প্রয়োজনীয়তা নির্ধারণের জন্য কাজ করছে। এই বিষয়ে আপনার কোনও প্রতিক্রিয়া থাকলে আমাদের সাথে যোগাযোগ করুন।

টেবিল **2:** মূল পরিমাপ এবং প্রস্তাবিত টুলের নির্দেশিকা

| মূল পরিমাপ | প্রস্তাবিত টুলসমূহ |
|---|---|
| অংশগ্রহণকারীদের সংখ্যা (#) | প্রধান**:**<br>1. প্রোগ্রাম এবং ইভেন্ট ড্যাশবোর্ড (ব্যবহারের নির্দেশিকা) সাধারণত এডিটাথন, ক্যাম্পেন, একক প্রকল্প ইত্যাদিতে ব্যবহার করা হয়। একই প্রকল্পে কাজ করছে এমন সম্পাদকদের গোষ্ঠীগুলি সংগঠিত করার একটি সহজ উপায় সরবরাহ করে এবং তারা যা করছে ও যা অবদান রেখেছে তা ট্র্যাক করতে সাহায্য করে। নতুন সম্পাদনা কার্যকলাপগুলির জন্য ভাল। এটির ডিজাইন এবং অভিজ্ঞ সম্পাদকদের নিয়ে কাজ করায় কিছু সীমাবদ্ধতা রয়েছে।<br>2. ইভেন্ট মেট্রিকস (ব্যবহারের নির্দেশিকা) এডিটাথন এবং বিষয়বস্তু সম্পর্কিত ইভেন্টের আয়োজকদের সেই ইভেন্টগুলির পরিমাপ পেতে সাহায্য করে যাতে তাঁদের অবদানের মাত্রা ও প্রভাব বোঝা যায়। উইকিমিডিয়া অনুদানপ্রাপকরা এই প্রোগ্রাম ব্যবহার করে অনুদানের ডকুমেন্টেশন বানাতে পারেন। ইভেন্ট মেট্রিকস এই সকল প্রকল্পে কাজ করেঃ উইকিপিডিয়া, উইকিভ্রমণ, উইকিঅভিধান, কমন্স এবং উইকিউপাত্ত।<br><br>অন্যান্য টুল**:**<br>উইকিমিডিয়া হ্যাশট্যাগস টুল: ব্যবহারের নির্দেশিকা সেচ্ছাসেবকদের দ্বারা নির্মিত। বিভিন্ন ধরণের প্রচুর সম্পাদনা কার্যক্রমে জড়িত অভিজ্ঞ সম্পাদকদের সঙ্গে কাজ করার জন্য সবচেয়ে সঠিক টুল। নতুন নিবন্ধ/ছবি/উইকিউপাত্ত সম্পাদনা বা আইটেমের ক্ষেত্রে কাজ করে না।<br><br>উইকি লাভস কম্পিটিশন টুলস: বিভিন্ন পরিসংখ্যানগত ডেটা সেট তৈরি করতে কমন্সের ক্যাটেগরি ট্র্যাক করে। |
| সম্পাদকদের সংখ্যা (#) | প্রোগ্রাম এবং ইভেন্ট ড্যাশবোর্ড<br>ইভেন্ট মেট্রিকস |
| আয়োজকদের সংখ্যা (#) | বেশিরভাগ আয়োজক এটি হাতে গোনেন। পরিকল্পনা বা যোগাযোগ বা কার্যকলাপ বাস্তবায়নে জড়িত যে কাউকে অন্তর্ভুক্ত করুন।<br><br>প্রোগ্রাম এবং ইভেন্টস ড্যাশবোর্ড ব্যবহার করলে, আয়োজকদের সকলের ব্যবহারকারী নাম যুক্ত করতে ভুলবেন না। |
| উইকিমিডিয়া প্রকল্প প্রতি নতুন বিষয়বস্তুর অবদান | প্রোগ্রাম এবং ইভেন্ট ড্যাশবোর্ড<br><br>অন্যান্য টুল:<br>ইভেন্ট মেট্রিকস<br>উইকিমিডিয়া হ্যাশট্যাগস টুল<br>উইকি লাভস কম্পিটিশন টুলস |

27.1 যদি কোন কারণে আপনার প্রস্তাব মূল পরিমাপগুলি না মাপে, দয়া করে তার ব্যাখ্যা প্রদান করুন। প্রয়োজনে এই মূল পরিমাপগুলির উপর কোনরকম বাড়তি বক্তব্য বা পর্যবেক্ষন থাকলে এখানে লিখতে পারেন।

## 28. অতিরিক্ত পরিমাপ

উপরে উল্লিখিত মূল পরিমাপগুলি ছাড়াও আপনার কাজের জন্য প্রসঙ্গিক, এরকম যে কোন পরিমাপ অতিরিক্ত পরিমাপের তালিকা থেকে বাছতে পারেন।
(ঐচ্ছিক প্রশ্ন)

এখানের আপনার কাজের জন্য প্রাসঙ্গিক হতে পারে এমন কিছু অতিরিক্ত পরিমাপের তালিকা আছে। যেগুলি প্রাসঙ্গিক সেগুলি বাছুন বা অন্য কিছুও সংযুক্ত করতে পারেন। এই পরিমাপগুলির জন্য কিছু কম ব্যবহৃত টুল আছে, এবং কিছু তথ্যের জন্য গুনগত টুলের দরকার। আপনার যদি এতে আগ্রহ থাকে, কম্যুনিটি রিসর্স টিম আপনার সাথে পরিকল্পনা এবং টুল তৈরী করার জন্য নির্দেশিকা এবং সমর্থন দিতে পারে।

আমাদের উদাহরণ:

▼ **Open to enter additional metrics**

Enter a description of the metric and a number in the target field. If the metric does not apply to you, enter N/A for not applicable.

**a. # of editors that continue to participate/retained after activities**

Metric Description

Participants that registered as new users that continue to edit one month after the activities take place.

Target: 20

**b. # of organizers that continue to participate/retained after activities**

Metric Description

New organisers from the Rising Sun Community that were trained during the proposal and that show interest in organising new activities and are actively participating on offline meet ups to plan this.


Target: 5

**c. # of strategic partnerships that contribute to longer term growth, diversity and sustainability**

Metric Description

Signed partnerships with cultural and activist NGOs in the Rising Sun Community and working on a national level. These partnerships are strategic because they will connect with local issues and organised groups, as well as contribute to thinking about how to foster an emerging Wikimedia community in the Rising Sun community and network with public and private partners developing projects connected to the free knowledge movement.

Target: 3




d. Feedback from participants on effective strategies for attracting and retaining contributors

Metric Description

Participants feedback on factors that were important in allowing them to participate in the activities and encouraging them to continue to edit or organise afterwards. 8 participants interview, 5 editors, (3 that continued and 2 that did not continue) and the 3 organisers, 2 that continued and 1 that didn't. We hope to register the strategies that were most effective and learn from existing barriers or strategies to better engage participants.

Target 8

আবেদনের সময় আপনি প্রতিটা ফিল্ড ভর্তি করবেন এবং তার পরে ফর্মটি সেভ করলে সেটি আপনি টেবিল আকারে দেখতে পাবেন, যেমন নিচের উদাহরণে দেখা যাচ্ছে।



| Core Metrics | Metrics Description | Target |
|---|---|---|
| # participants | The number of participants in all activities: 50 particularly female and LGBTI+ artists from the Rising Sun Community. Of these, our target is that 40 will be new participants. | 50 |
| # of editors | The number of editors in all activities: 30 particularly female and LGBTI+ artists from the Rising Sun Community. Of these, our target is that 20 will be new editors. | 30 |
| # of organizers | The number of organizers in all activities: 8 Of these, our target is that 3 will be new organizers that will help plan new edit-a-thons, mentor new editors and organize other offline meetups. 5 will be existing Wikimedia Antarctica volunteer organizers. | 8 |
| # of new content contributions per Wikimedia project | Wikipedia<br>50 new articles created for Antarctica Wikipedia. | 50 |
| # of new content contributions per Wikimedia project (2) | Wikimedia Commons<br>50 images uploaded to Wikimedia commons | 50 |

টেবিল **3:** অতিরিক্ত পরিমাপের নির্দেশিকা এবং সাম্ভাব্য টুল

| অতিরিক্ত পরিমাপ | মাপার সাম্ভাব্য টুল |
|---|---|
| কার্যক্রমের পরেও কতজন সম্পাদক অংশগ্রহণ চালিয়ে যাচ্ছেন/রয়ে যাচ্ছেন | আপনার যদি কোন টুল না থাকে বা আপনার প্রকল্পের মেয়াদ যদি এই তথ্য মাপার মত দীর্ঘমেয়াদী না হয়, সেক্ষেত্রে আপনি যদি সকল সম্পাদকদের ঠিকঠাক ব্যবহারকারী নাম দেন, কম্যুনিটি রিসোর্স টিম প্রোডাক্ট অ্যানালিটিক্স দলের সঙ্গে আপনাকে কিছু সাহায্য করতে পারে।<br><br>আউটরিচ ড্যাশবোর্ড এবং ইভেন্ট মেট্রিকস উভয়েই সম্পাদক ধরে রাখার ব্যাপারে তথ্য দিতে পারেঃ<br>* আউটরিচ ড্যাশবোর্ড - সংক্ষিপ্ত বিবরণ ডাউনলোড করার সময় আপনি এই সংখ্যাটি দেখতে পারবেন।<br>* ইভেন্ট মেট্রিকস - সামারি পাতায় আপনি "কার্যকলাপের ৭ দিন পরে কতজন রয়ে গেছে" তা দেখতে পাবেন। |
| কার্যক্রমের পরেও কতজন আয়োজক অংশগ্রহণ চালিয়ে যাচ্ছেন/রয়ে যাচ্ছেনs | কোন আলাদা টুল নেই। আপনি ধরে রাখাকে কীভাবে আপনার প্রকল্পের চক্র অনুযায়ী সংজ্ঞায়িত করছেন এবং প্রতিটি আয়োজকের অফলাইন এবং অনলাইন কার্যকলাপ কতটা নিবন্ধন করতে পারছেন তার উপর এটি নির্ভর করবে।<br><br>যদি প্রকল্পে কম সংখ্যক আয়োজক থাকেন, তাহলে একটি ছোট সার্ভের মাধ্যমে এটি করা সম্ভব যেখানে শুধু অংশগ্রহণ চালিয়ে যাওয়াই নয়, তার সঙ্গে সাম্ভাব্য বৃদ্ধি এবং জড়িত থাকার মাত্রা নিয়েও প্রশ্ন থাকবে। কম্যুনিটি রিসোর্স টিম আপনার সঙ্গে একসাথে কাজ |

| | |
|---|---|
| | করে এগুলি বানাবার কিছু টুল দিতে পারে। |
| কৌশলগত অংশীদারিত্বের সংখ্যা যা দীর্ঘমেয়াদি বৃদ্ধি, বৈচিত্র্য, এবং স্থায়িত্বে অবদান রাখবে | মূল ধারণা হল কত সংখ্যক অংশীদার আছেন বা অংশীদারদের ধরণ জানানো না। তার সঙ্গে তাঁরা কেন কৌশলগত অংশীদার তাও জানানো। কারণ এরাই আপনার বৃহতর লক্ষ্যে অবদান রাখবে এবং শেষে দীর্ঘমেয়াদী সহযোগিতার সম্ভাবনা বাড়বে।<br><br>সাম্ভাব্য টুল:<br>কতগুলি চুক্তি বা যৌথ কাজ করা হয়েছে |
| অবদানকারীদের আকৃষ্ট করা এবং ধরে রাখার কার্যকরি কৌশলের বিষয়ে অংশগ্রহণকারীদের থেকে নেওয়া প্রতিক্রিয়া | এটি কোনরূপ নিরীক্ষা, সাক্ষাৎকার বা ফোকাস গ্রুপ হতে পারে।<br><br>যারা এই গুণগত প্রশিক্ষণে আগ্রহী, কম্যুনিটি রিসোর্স টিম তাঁদের প্রয়োজনীয় পরামর্শ, টুল/সরঞ্জাম, এবং সাহায্য প্রদান করতে পারে। |
| অনুদান প্রাপকদের দ্বারা উদ্ঘাটিত অংশগ্রহণকারীদের বৈচিত্র্য | সাম্ভাব্য বিকল্প:<br>● নিবন্ধকরণের সময় অংশগ্রহণকারীদের জিজ্ঞাসা করুন তাঁরা এই তথ্য দিতে সম্মত হবেন কিনা।<br>● যদি তাঁরা গোপনীয়তা রক্ষা করতে চান, সেক্ষেত্রে আরেকটি উপায় হল জনতাত্ত্বিকতার পরিপ্রেক্ষিতে অংশগ্রহণকারীদের বৈচিত্র্যের গুণগত তথ্য সংগ্রহ করা। নির্বাচিত সাক্ষাৎকার, পর্যবেক্ষণ, বা ফোকাস গ্রুপের মাধ্যমে তা করা যেতে পারে। যারা গুনগত প্রশিক্ষণে আগ্রহী, কম্যুনিটি রিসোর্স টিম তাঁদের নির্দেশিকা, টুল এবং সাহায্য প্রদান করতে পারে। |
| সামাজিক মাধ্যমের দ্বারা কত সংখ্যক মানুষের কাছে পৌছনো গেছে | অনুদানপ্রাপকেরা এটির জন্য বিভিন্ন সামাজিক মাধ্যম বিশ্লেষণের টুল ব্যবহার করতে পারেন। কত সংখ্যক মানুষের কাছে পৌঁছনো গেছে তা বিভিন্ন প্রকারের হতে পারে। যেমন, নতুন কতজন দেখেছেন (কতগুলি নতুন ভিউ পাওয়া গেছে), নতুন অনুগামীর (ফলোয়ার) সংখ্যা, বা কতগুলি আদানপ্রদান ঘটেছে (লাইক, মন্তব্য ইত্যাদি)। কোন নির্দিস্ট পরিমাপ ব্যবহার করা হচ্ছে, তা বর্ণনা করা জরুরী এবং তা প্রকল্পে করা কাজ সম্পর্কিত প্রকাশনার কাজের জন্য। |
| কত সংখ্যক ক্রিয়াকলাপ গড়ে তোলা হল | প্রস্তাবে উল্লিখিত সকল ক্রিয়াকলাপ এর মধ্যে গণ্য হবে।<br>প্রতি অনুদান প্রাপকের প্রকল্প পর্যবেক্ষন টুল/সরঞ্জামগুলির মধ্যে বিভিন্ন উপায়ে এগুলি মাপা সম্ভব। আপনি যদি কিছু উদাহরণ দেখতে চান, দয়া করে কম্যুনিটি রিসোর্স টিমের সাথে যোগাযোগ করুন। |
| সেচ্ছাসেবী ঘন্টার সংখ্যা | বিভিন্ন অবদানকারীদের(সম্পাদক, আয়োজক, অথবা অন্য সেচ্ছাসেবী কার্যকলাপ) দ্বারা মোট সেচ্ছাসেবী কার্যকলাপের সময়। প্রতি অনুদান প্রাপকের প্রকল্প পর্যবেক্ষন টুল/সরঞ্জামগুলির মধ্যে বিভিন্ন উপায়ে এগুলি মাপা সম্ভব। আপনি যদি কিছু উদাহরণ দেখতে চান, দয়া করে কম্যুনিটি রিসোর্স টিমের সাথে যোগাযোগ করুন। |

## **29.** আপনার কাজের প্রভাব সম্পর্কে জানতে আর কোন কোন তথ্য আপনি সংগ্রহ করবেন**?**

অনধিক ১৫০০ অক্ষর। এই উত্তরটি ঐচ্ছিক

দয়া করে আপনার কাজের প্রভাব সম্পর্কে আর কোন দৃষ্টিভঙ্গি যা আপনি জানতে চান তা লিখুন। এগুলি গোটা প্রস্তাবের ব্যাপারে বা কোন নির্দিষ্ট কৌশল বা কার্যকলাপ সংক্রান্ত হতে পারে। আপনি অন্য পরিমাপ বা দরকারি প্রশ্ন সুপারিশ করতে পারেন। আপনার কোথাও সাহায্য বা সহায়তা লাগলে অথবা পরিমাণগত বা গুণগত তথ্য জোগাড় করতে যদি কোন অসুবিধা হয়, তাও জানাতে পারেন।

আমাদের অ্যান্টার্কটিকা “The New Rising Sun Generation” উদাহরণের জন্য

We would like to know how participants perceived Wikimedia as a platform for their activism and how interested they would be in organizing a community and receive training and support form other Wikimedia communities.
We would like to support the Community Resources team support to collect qualitative interviews and survey data on diversity and perception.

**30.** প্রতিটি নির্বাচিত পরিমাপ মাপার জন্য আপনি কোন টুল/সরঞ্জামগুলি ব্যবহার করবেন**?**
আপনি যদি নিশ্চিত না হতে পারেন এবং আপনার সাহায্য লাগে**,** তাহলে সেটাও উল্লেখ করতে পারেন।

দয়া করে প্রতিটি নির্বাচিত পরিমাপের তথ্য সংগ্রহের জন্য কোন টুল/সরঞ্জাম বা পদ্ধতি ব্যবহার করবেন তা জানান। নিচের টেবিলে কিছু টুল, যা অনেক সম্প্রদায় ব্যবহার করে থাকে, তার নির্দেশিকা আছে। যদিও আপনি অন্য পদ্ধতি বা টুলসও ব্যবহার করতে পাড়েন। আপনার যদি কোন টুলস সম্পর্কে ধারণা না থাকে বা কীভাবে তথ্য সংগ্রহ করবেন না জানেন, তাহলে সেটা উল্লেখ করতে পারেন যাতে আমরা প্রয়োজনীয় সাহায্য ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে পারি।

প্রধান টুলগুলির নির্দেশিকা এবং সুপারিশের জন্য টেবিল **2,3** এবং **4** দেখুন।

টেবিল **4:** অতিরিক্ত টুলের নির্দেশিকা

| টুল | সবচাইতে গতানুগতিক ব্যবহার |
|---|---|
| ফাউন্টেন টুল<br><br>সাধারণ তথ্য<br><br>ব্যবহারের নির্দেশিকা | সবচেয়ে বড় কিছু সম্পাদনার ক্রিয়াকলাপে (উইকিপিডিয়া এশিয় মাস) এবং অঞ্চলে (এশিয়া এবং সিইই (মধ্য ও পূর্ব ইউরোপ)) ব্যবহৃত হয়<br><br>অভিজ্ঞ সম্পাদকদের নিয়ে প্রতিযোগিতার জন্য বানানো |
| উইকিতে প্রকল্পের পাতা (Bots টুল দ্বারা custom tracking যুক্ত) | |
| উইকিসংকলন প্রতিযোগিতা টুল<br><br>ব্যবহারের নির্দেশিকা | উইকিসংকলন প্রুফ সংশোধন প্রতিযোগিতার জন্য টুল<br><br>প্রতিযোগিতার সময় সম্পাদকেরা উইকিসংকলনে বইয়ের প্রুফ সংশোধন এবং বৈধকরণে সাহায্য করতে পারেন। |
| মন্তাজ<br><br>আরও তথ্যের জন্য | উইকি লাভস প্রতিযোগিতার ছবি মূল্যায়নের টুল। এটি নমনীয় ধাপ-ভিত্তিক কর্মধারা প্রদান করে যা যে কোন মাপের প্রতিযোগিতার জন্য উপযুক্ত করে নেওয়া যায়। |
| আইএসএ টুল<br><br>ব্যবহারের নির্দেশিকা | আইএসএ একটি মজাদার, বহুভাষী, মোবাইলের উপযোগী টুল যা কিনা উইকি লাভস প্রতিযোগিতায় আপলোড করা উইকিমিডিয়া কমন্সের ছবিগুলিতে স্ট্রাকচারড ডেটার মাধ্যমে সহজেই ছোটখাটো অবদান রাখতে সাহায্য করে। |
| কোয়্যারি | উইকিপিডিয়া এবং অন্যান্য উইকিমিডিয়া প্রকল্পে SQL চালানোর জন্য ব্যবহার করা হয়। উইকিসংকলন ইত্যাদি উইকিমিডিয়া প্রকল্পের সম্পাদনার সংখ্যা গুনতে ব্যবহার করা যায় (উদাহরণ). |

## **31.** অন্যদের সঙ্গে এই ফলাফলগুলি আপনি কীভাবে ব্যবহার করতে চান যাতে তাঁরাও এর থেকে শিক্ষা নিতে পারেন**?**

আপনি একাধিক বিকল্প নির্বাচন করতে পারেন

আমাদের আন্দোলনের থেকে শেখা এবং জ্ঞান ভাগ করে নেওয়া বর্তমান এবং ভবিষ্যৎ স্বেচ্ছাসেবক এবং আয়োজকদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। নিম্নোক্ত তালিকার মধ্যে থেকে কী কী ভাবে আপনার অভিজ্ঞতা ও শিক্ষা ভাগ করে নিয়ে অবদান রাখতে চান তা ভাবুন। আপনি আপনার প্রকল্প থেকে কী শিখলেন তা ভাগ করে নেওয়াকে আমরা উৎসাহিত করি। যদিও তা বাধ্যতামূলক নয় এবং আপনার অনুদান এর উপর নির্ভর করবে না।

আপনি যদি মনে করেন আপনার অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার মতন দক্ষতা বা পুঁজি আপনার নেই, তাহলে আপনি কম্যুনিটি রিসোর্স টিমের সঙ্গে কথা বলতে পাড়েন ও তাঁদের সাহায্য নিতে পারেন। কম্যুনিটি রিসোর্স টিম প্রশিক্ষণ কর্মশালা এবং একেকজনের সঙ্গে আলাদা করে মতামত বিনিময়ের উদ্যোগ সমর্থন করবে এবং আবেদনকারীদের মধ্যে সংযোগস্থাপন এবং অধিবেশনের গঠন নিয়ে সাহায্য করবে।

- আমাদের অভিজ্ঞতার একটি ভিডিয়ো বানিয়ে
- আমাদের অভিজ্ঞতার একটি ছোট উপস্থাপনা করে
- একটি প্রশিক্ষনের কর্মশালা করে আমরা কী শিখেছি তা বাকিদের দেখানো
- সামাজিক মাধ্যমে ফলাফল ভাগ করে
- আমাদের সম্প্রদায়ের সঙ্গে ফলাফল ভাগ করে
- বাকি অনুদানপ্রাপকদের সঙ্গে আলাদা করে মতামত বিনিময়ের জন্য বসে
- অন্য ব্যবহারকারীদের জন্য সেখার উপাদান বানিয়ে
- মেটা-উইকিতে বাকিদের সঙ্গে ভাগ করে
- কীভাবে আমার শেখা অন্যদের সঙ্গে ভাগ করে নেওয়া যায়, তা আবিষ্কার করার জন্য ফাউন্ডেশনের থেকে আমি সহায়তা পেতে ইচ্ছুক
- অন্যান্য

## আর্থিক প্রস্তাব

### 32. উইকিমিডিয়া ফাউন্ডেশন-কে আপনার অনুরোধ করা অনুদানের পরিমাণ কত?

দয়া করে এই পরিমাণ আপনার স্থানীয় মুদ্রার হিসেবে জানান। যদি আপনি একাধিক বছরের অনুদানের জন্য আবেদন করার কথা ভেবে থাকেন, তাহলে দয়া করে প্রথম বছরের পরিমাণ জানান।

### 32a. মার্কিন মুদ্রায় আপনার অনুরোধ করা অনুদানের পরিমাণ কত হতে পারে (আপনার হিসেব অনুযায়ী সবচেয়ে কাছাকাছি)?

আপনি সাধারনত আপনার কাজের জন্য যেই মুদ্রা বিনিময় হার ব্যবহার করেন, তা অনুযায়ী মার্কিন মুদ্রায় অনুদানের পরিমান জানান। আমরা সুপারিশ করব oanda.com ব্যবহার করতে।

### 33. মুদ্রার ধরণ (স্থানীয়) বাছুন

মুদ্রার তালিকা থেকে বাছুন

### 34. আপনি কি একাধিক বছরের অনুদানের জন্য আবেদন করতে চান?

হ্যাঁ
না

### 34a. যদি আপনি হিসাব করে থাকেন, দয়া করে দ্বিতীয় অথবা তৃতীয় বছরের আনুমানিক অঙ্কটি জানান।

এক্ষেত্রে আপনি বছর প্রতি অঙ্কটি অথবা কত শতাংশ বৃদ্ধি পাবে সেটি জানাতে পারেন।
অনধিক ৫০০ অক্ষর

### 35. দয়া করে এই প্রস্তাবের জন্য আপনার আয়বায়ক/বাজেট জানান।

আপনার অর্থনৈতিক প্রয়োজন এবং খরচ সম্পূর্নভাবে বোঝানোর জন্য যতটা বিশদে লেখা উচিৎ বলে আপনি মনে করেন, তা এখানে লিখুন। অন্যথায়, আপনি আপনার আয়বায়ক/বাজেট একটি আলাদা ডকুমেন্ট হিসেবে আপলোড করতে পারেন। সেক্ষেত্রে আমরা এই ছকটি ব্যবহার করার পরামর্শ দেব। যদি আপনি এই ছকটি ব্যবহার করেন, মনে করে শিটগুলির অনুলিপি বানিয়ে তাতে আপনার আয়বায়ক/বাজেট লিখবেন। হয়ে গেলে ডকুমেন্টটি আপলোড করে আমাদের গুগল শিটস-এ অনুমতি দেবেন। আপনারত ডকুমেন্টটি আপনি আপনার প্রয়োজনমতো পরিবর্তন করতে পারেন। আপনি ইচ্ছে হলে আয়বায়ক/বাজেটের জন্য অন্য কোন ছকও ব্যবহার করতে পারেন। অনধিক ১০০ অক্ষর

### 36. ঐচ্ছিক: দয়া করে যে পরিমাণ অনুদানের আবেদন করেছেন, তার আয়বায়ক/বাজেট আপলোড করুন।

### 37. অনুদানের সুষ্ঠ পরিচালনা নিশ্চিত করতে আপনি কী করবেন?

অনধিক ১০০০ অক্ষর

অনুদানের সুষ্ঠ পরিচালনা এবং সঠিক দায়িত্বপালন নিশ্চিত করতে, আপনার পরিচালনা, সাংগঠনিক ক্ষমতা, এবং প্রক্রিয়া সম্পর্কে আমরা জানতে ইচ্ছুক।

### 38. ইউসিওসি(UCOC) এবং বন্ধুত্বপূর্ণ পরিবেশ নীতিমালা ব্যবহার করে অংশগ্রহণকারীদের জন্য একটি সহায়ক পরিবেশ সৃষ্টিতে আপনার অবদান কী হবে?


অনধিক ১০০০ অক্ষর

সর্বশেষ, এবং সবথেকে গুরুত্বপূর্ণ, এই দুটি হল মূল লক্ষ্যের নীতি যা উইকিমিডিয়া আন্দোলনের মধ্যে ইতিবাচক এবং সহযোগী চিন্তাধারা এবং যারাই এখানে যোগদান করছেন (বা করতে চান) তাঁদের জন্য হয়রানি ও সংস্কারমুক্ত এক ইতিবাচক, নিরাপদ ও সুস্থ

পরিবেশ নিশ্চিত করে। দয়া করে সময় নিয়ে এইগুলি পড়ে দেখবেন এবং আপনার কাজের দ্বারা কীভাবে এতে অবদান রাখতে পাড়েন ভেবে দেখবেন।

## 39. আপনার প্রস্তাবটি আরও ভালো এবং বিস্তারিতভাবে বোঝানোর জন্য কোন নথি যদি আপনার গুরুত্বপূর্ণ মনে হয়, তা হলে এই স্থানে তা আপলোড করতে পারেন।

(ঐচ্ছিক)





## **40.** আমি আমার ব্যাঙ্ক সংক্রান্ত তথ্য পর্যালোচলা বা যুক্ত করেছি।

## **41.** আমি উইকিমিডিয়া ফাউন্ডেশনের বন্ধুত্বপূর্ণ পরিবেশের নীতিমালা এবং সর্বজনিন আচরণবিধি পড়েছি।

দয়া করে এই নথিপত্রগুলি পড়ে দেখবেন এবং আপনার কাজ কীভাবে এতে অবদান রাখতে পারে ভেবে দেখবেন। আপনার প্রস্তাব/অনুদানের আবেদনটি জমা করা মানে আপনি অনুদান আবেদনের গোপনীয়তা বিবৃতি (Grant Application Privacy Statement), উইকিমিডিয়া ফাউন্ডেশনের বন্ধুত্বপূর্ণ পরিবেশের নীতিমালা (WMF Friendly Space Policy), এবং সর্বজনিন আচরণবিধি (Universal Code of Conduc) মেনে নিচ্ছেন।

আপনার সময় ও চিন্তাভাবনার জন্য ধন্যবাদ। আমরা আপনার আবেদনের পড়ে আমাদের প্রতিক্রিয়া জানাব।

আবেদনটি সেভ করতেঃ




আবেদনটি সম্পাদনা করতেঃ




আবেদনটি জমা করতেঃ

